KUET Bulletin
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বুলেটিন
১১তম বর্ষ, ২য় সংখ্যা, জুলাই-ডিসেম্বর, ২০১৮

# ভাইস-চ্যান্সেলর হিসেবে প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এর দায়িত্ব গ্রহণ



প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন



জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে কুয়েটের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন শ্রদ্ধাঞ্জলি অর্পন করেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ৬ষ্ঠ ভাইস-চ্যান্সেলর হিসেবে প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন দায়িত্ব গ্রহণ করেছেন। গত ১৩ আগস্ট ২০১৮ ইং তারিখ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের মাননীয় চ্যান্সেলর মোঃ আবদুল হামিদ কুয়েটের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেনকে এ বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর হিসেবে চার বছর মেয়াদে নিয়োগ দেন। দায়িত্ব গ্রহণের পরপরই তিনি কুয়েটস্থ "বঙ্গবন্ধু চত্বরে" জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন। এরপর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহীদ মিনারে শ্রদ্ধাঞ্জলি অর্পন করেন। এসময় তিনি জাতির শ্রেষ্ঠ সন্তান বীর-শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে এক মিনিট নীরবতা পালন করেন ও রূহের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া করেন। এ সময় তাঁর সাথে কুয়েটের শিক্ষক, কর্মকর্তা, শিক্ষার্থী ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

এছাড়া, নব নিযুক্ত মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন ১৬ আগস্ট বৃহস্পতিবার বিকালে গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে শ্রদ্ধাঞ্জলি অর্পন করেছেন। তিনি স্মৃতিসৌধের বেদীতে এবং জাতির জনকের সমাধির পাশে দাঁড়িয়ে জাতির জনক এবং দেশের শ্রেষ্ঠ সন্তান বীর-শহীদদের অবদান কৃতজ্ঞচিত্রে স্মরণ করেন। এ সময় কুয়েটের বিদায়ী ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর, পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মোঃ ইকরামুল হক, শিক্ষক সমিতির সাবেক সভাপতি প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রফেসর ড. এ বি এম মহীউদ্দিন, শিক্ষক সমিতির সহ-সভাপতি প্রফেসর ড. পিন্টু চন্দ্র শীল, আইইএম বিভাগের বিভাগীয় প্রধান ড. আজিজুর রহমান, ইউআরপি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ মোস্তফা সরোয়ার, রেজিস্ট্রার জি এম শহিদুল আলম, বাংলাদেশ ছাত্রলীগ কুয়েট শাখার সভাপতি মোঃ আবুল হাসান শোভনসহ বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীবৃন্দসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

কুয়েটের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন ইতোপূর্বে বিভিন্ন মেয়াদে অত্র বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং ও আরবান এন্ড রিজিওনাল প্ল্যানিং বিভাগের বিভাগীয় প্রধান, অতিরিক্ত পরিচালক (আইকিউএসি), পরিচালক (আইকিউএসি), সিআরটিএস এর চেয়ারম্যানসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন। তাঁর ৫১টি গবেষণা প্রবন্ধ দেশে-বিদেশে বিভিন্ন জার্নাল ও কনফারেন্স প্রসিডিংস হিসেবে প্রকাশিত হয়েছে। তিনি শিক্ষা ও গবেষণা সংক্রান্ত কাজে বিশ্বের বিভিন্ন দেশ ভ্রমণ করেছেন। প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন ১৯৯০ সালে তৎকালীন বাংলাদেশ ইনস্টিটিউট অব টেকনোলজি (বিআইটি), খুলনা থেকে প্রথম শ্রেণীতে প্রথম স্থান অধিকার করে বিএসসি ইঞ্জিনিয়ারিং (সিভিল) ডিগ্রী সম্পন্ন করেন। তিনি ১৯৯১ সালে তৎকালীন বিআইটি, খুলনায় প্রভাষক ও ১৯৯৮ সালে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেন। পরবর্তীতে ২০০৭ সালে সহযোগী অধ্যাপক ও ২০০৮ সালে অধ্যাপক হিসেবে কুয়েটের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে যোগদান করেন। বর্তমানে তিনি অধ্যাপক (গ্রেড-১) হিসেবে অত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত রয়েছেন। তিনি সাগা ইউনিভার্সিটি, জাপান থেকে এম ইঞ্জিনিয়ারিং (২০০১) ও ইউনিভার্সিটি সায়েন্স, মালয়েশিয়া থেকে পিএইচডি ডিগ্রী (২০০৭) সম্পন্ন করেন। প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন ১৯৬৮ সালে নড়াইল জেলার অন্তর্গত লোহাগড়া উপজেলার লাহুড়িয়া (ডহর পাড়া) গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। প্রফেসর সাজ্জাদ লাহুড়িয়া হাফেজ আব্দুল করিম একাডেমীর প্রাক্তন প্রধান শিক্ষক মরহুম কাজী মুফাজ্জেল হোসেন ও মরহুমা লুৎফ-ই-জাহান এর জ্যেষ্ঠ সন্তান। তিনি বিবাহিত এবং ২ সন্তানের জনক।

## ১ম বর্ষের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত



কুয়েটের ২০১৮-১৯ইং শিক্ষাবর্ষের ১ম বর্ষের ভর্তি কার্যক্রম পরিদর্শন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ২০১৮-১৯ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বিএসসি ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক কোর্সের ভর্তি পরীক্ষা ২৭ অক্টোবর শনিবার সকাল ১০টা থেকে দুপুর ১২.৩০টা পর্যন্ত কুয়েট ক্যাম্পাসসহ নিকটস্থ টিচার্স ট্রেনিং (টিটি) কলেজ, এইচএসটিটিআই, টেকনিক্যাল ট্রেনিং সেন্টার (বয়েজ) ও টেকনিক্যাল ট্রেনিং সেন্টার (মহিলা) এ সুষ্ঠ ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়। এ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষার মাধ্যমে সিভিল ইঞ্জিনিয়ারিং (সিই) বিভাগে ১২০ জন, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগে ১২০ জন, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (এমই) বিভাগে ১২০ জন, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগে ১২০ জন, ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইসিই) বিভাগে ৬০ জন, ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং (আইপিই) বিভাগে ৬০ জন, লেদার ইঞ্জিনিয়ারিং (এলই) বিভাগে ৬০ জন, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং (টিই) বিভাগে ৬০ জন, আরবান এন্ড রিজিওনাল প্ল্যানিং (ইউআরপি) বিভাগে (০৪ পৃষ্ঠায় দেখুন)

## “কুয়েট- এ ব্রান্ড নেম ইন হায়ার এডুকেশন”

(১৬ পৃষ্ঠার পর) ও স্নাতকোত্তর শিক্ষার্থী ছিল। বর্তমানে এ বিশ্ববিদ্যালয়ে ৩ টি ইনস্টিটিউট, ২০ টি বিভাগ, ৪৬৩৫ জন স্নাতক ও ৯৬৭ জন স্নাতকোত্তর শিক্ষার্থী রয়েছে, শিক্ষার্থীদের মধ্যে ছাত্রী রয়েছে ৮৯৩ জন”। বিশ্ববিদ্যালয়ের গৃহীত বিভিন্ন উন্নয়ন চিত্র তুলে ধরে কুয়েট ভিসি বলেন, “কুয়েটে সিভিল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিকস এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, আরবান ও রিজিওনাল প্ল্যানিং, আর্কিটেকচার, বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট, বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং, এনার্জি সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, ম্যাটেরিয়ালস সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এবং লেদার ইঞ্জিনিয়ারিং বিষয়ে শিক্ষা প্রদান করা হয়। এছাড়া এ শিক্ষাবর্ষে চালু হচ্ছে কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং এবং মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগ। তিঁনি আরো বলেন, “আমি দায়িত্ব গ্রহনের পর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রস্থলে নির্মিত হয়েছে মুক্তিযুদ্ধের ভাস্কর্য 'দুর্বার বাংলা', দৃষ্টি নন্দন শহীদ মিনার, খনন করা হয়েছে একটি লেক। সম্পন্ন হয়েছে মেইন গেট কমপ্লেক্স, স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টার কাম ক্যাফেটেরিয়া, গেস্ট হাউজ, মেডিকেল সেন্টার, লেদার ইঞ্জিনিয়ারিং ভবন, আবাসিক ভবন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল, নিউ একাডেমিক ভবনের সম্প্রসারণ, ডরমিটরির সম্প্রসারণ, প্রশাসনিক ভবনের সম্প্রসারণ, সিভিল ইঞ্জিনিয়ারিং ভবনের সম্প্রসারণ, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং ভবনের সম্প্রসারণ, মসজিদের সম্প্রসারণ, রোকেয়া হলের সম্প্রসারণ, পরিকল্পনা ও ইঞ্জিনিয়ারিং ভবনের সম্প্রসারণ। নির্মিত হচ্ছে বঙ্গবন্ধু চত্বর, ইউআরপি ভবন, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ভবন, মন্দিরসহ বিভিন্ন স্থাপনা। মেইন গেট দিয়ে প্রবেশ করেই উঁচু ঢিবির উপর লেখা KUET সকলকে মুগ্ধ করে। এ বিশ্ববিদ্যালয়কে পরিস্কার পরিচ্ছন্ন রাখতে আমরা দৃঢ় প্রতিজ্ঞ, আমাদের প্রতিপাদ্য “গ্রীন কুয়েট, ক্লিন কুয়েট”। কুয়েট ভিসি ২০১০ সালের ২১ জুলাই এ বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর হিসেবে দায়িত্ব গ্রহনের পর থেকে সাংবাদিকবৃন্দের সহযোগিতার জন্য কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করেন। লিখিত বক্তব্য উপস্থাপনের পর বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর কুয়েটের উপর নির্মিত একটি প্রেজেন্টেশন উপস্থাপন করেন এবং সাংবাদিকগণের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন।

## উষ্ণায়ন প্রতিরোধে এখনই প্রস্তুতি গ্রহন করতে হবে

-কুয়েট ভাইস-চ্যান্সেলর



কুয়েটে বৃক্ষ রোপন সপ্তাহের উদ্বোধন শেষে গাছের চারা রোপন করেন মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

“বিশ্বে জলবায়ুর ধারাবাহিক পরিবর্তন ঘটছে, উষ্ণ হচ্ছে পৃথিবী। আর এই পরিবর্তনে বাংলাদেশ বিশেষ করে দেশের দক্ষিণাঞ্চল সবচেয়ে বেশী ক্ষতির সম্মুখীন। বিশ্ব উষ্ণায়ন প্রতিরোধে আমাদেরকে এখনই প্রস্তুতি গ্রহন করতে হবে”। ১১ জুলাই বুধবার সকাল সাড়ে ১০ টায় প্রশাসনিক ভবনের সামনে বিশ্ববিদ্যালয়ের বৃক্ষ উন্নয়ন কমিটি কর্তৃক আয়োজিত বৃক্ষ রোপন সপ্তাহের উদ্বোধনী অনুষ্ঠানে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এসব কথা বলেন। বৃক্ষ উন্নয়ন কমিটির সভাপতি ও লাইব্রেরীয়ান মোঃ আক্কাস উদ্দিন পাঠানের সভাপতিত্বে এসময় বিশ্ববিদ্যালয়ের ডীনবৃন্দ, ইনস্টিটিউট পরিচালকগণ, বিভাগীয় প্রধানগণ, পরিচালকগণ, প্রভোস্টবৃন্দ, দপ্তর প্রধানগণসহ শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। উদ্বোধনী অনুষ্ঠান শেষে প্রশাসনিক ভবনের সামনে থেকে একটি র‌্যালী ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে গেস্ট হাউজের সামনে এসে শেষ হয়। র‌্যালী শেষে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর শিক্ষক-কর্মকর্তাদের সঙ্গে নিয়ে গেস্ট হাউজের সম্মুখে লিচু বাগান করার উদ্দেশ্যে চারা রোপন করেন।

## যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস উদ্‌যাপিত

(শেষ পৃষ্ঠার পর) চিত্রাংকন প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী, সকাল সাড়ে ৯টায় “দুর্বার বাংলা” চত্বরে গণসংগীত, বিকাল ৩টায় বিশ্ববিদ্যালয়ের খেলার মাঠে শিক্ষক বনাম ছাত্রের মধ্যে প্রীতি ক্রিকেট ম্যাচ, বাদ আসর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে দোয়া অনুষ্ঠান এবং সন্ধ্যায় স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদারের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

## “লেখাপড়ার মান উন্নয়নে শেখ হাসিনার সরকার দৃঢ় প্রতিজ্ঞ”

(শেষ পৃষ্ঠার পর) উপরে নিয়ে যেতে হবে।

উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার, ইউআরপি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ মোস্তফা সারোয়ার, আর্কিটেকচার বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. বায়েজীদ ইসমাইল চৌধুরী, সংশ্লিষ্ট প্রকল্পের প্রকল্প পরিচালক ও অতিরিক্ত পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রকৌশলী মোঃ আনিছুর রহমান ভূঞা ও প্রধান প্রকৌশলী এ বি এম মামুনুর রশিদ এবং অনুষ্ঠানটি সঞ্চালনা করেন তত্ত্বাবধায়ক প্রকৌশলী ড. মোঃ জুলফিকার হোসেন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, শিক্ষার্থীসহ স্থানীয় রাজনীতিবীদ ও আমন্ত্রিত অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন।

# ভাইস-চ্যান্সেলর হিসেবে শেষ কার্যদিবস কর্মব্যাস্ততায় শেষ করলেন প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর



প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর



কুয়েটের ভাইস-চ্যান্সেলর হিসেবে শেষ কার্য দিবসে প্রফেসর ড. মুহাম্মদ আলমগীরকে লাল গালিচা সংবর্ধনা প্রদান করা হয়।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর হিসেবে ০২ আগস্ট ২০১৮ তাঁর শেষ কার্যদিবস কর্মব্যাস্ততায় শেষ করলেন প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর সকাল সাড়ে ১১ টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সভাকক্ষে খুলনায় কর্মরত বিভিন্ন ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দের সাথে "কুয়েট- এ ব্রান্ড নেম ইন হায়ার এডুকেশন" শীর্ষক সংবাদ সম্মেলনে অংশগ্রহণ করেন। বিকাল ৪ টায় স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারের দক্ষিণ দিকে ভিত্তি প্রস্তর স্থাপনের মাধ্যমে কুয়েট মন্দির নির্মাণ কাজের উদ্বোধন করেন। বিকাল ৫ টায় বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সাথে "আমার স্বপ্নের কুয়েট-কত কাছে?" শীর্ষক আলোচনা সভায় সভাপতিত্ব করেন। সন্ধ্যায় প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর অডিটরিয়াম ভবনের সামনে ফলক উন্মোচনের মাধ্যমে "বঙ্গবন্ধু স্কয়ার" এর উদ্বোধন করেন। এছাড়া, বিকালে ভাইস-চ্যান্সেলর হিসেবে শেষ কার্যদিবসে প্রফেসর ড. মুহাম্মদ আলমগীরকে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে লাল গালিচা সংবর্ধনা প্রদান করা হয়।

উল্লেখ্য, ২০১০ ইং সালের ২১ জুলাই খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর হিসেবে প্রথম মেয়াদে দায়িত্ব গ্রহণ করেন প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এবং ২০১৪ ইং সালের ০৩ আগস্ট প্রফেসর আলমগীর দ্বিতীয় মেয়াদে ভাইস-চ্যান্সেলর হিসেবে দায়িত্ব গ্রহণ করেন।

## শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত




কুয়েটে শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষ্যে আয়োজিত শোক-র‍্যালিতে নেতৃত্ব দেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) শহীদ বুদ্ধিজীবী দিবস যথাযোগ্য মর্যাদায় বিভিন্ন কর্মসূচীর মাধ্যমে পালন করা হয়েছে। কর্মসূচীর মধ্যে ১৪ ডিসেম্বর সূর্যোদয়ের সাথে সাথে প্রশাসনিক ভবন, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের বাসভবন এবং আবাসিক হলসমূহে জাতীয় পতাকা (অর্ধনমিত) এবং কালো পতাকা উত্তোলন করা হয়। সকাল সাড়ে ১০টায় প্রশাসনিক ভবনের সম্মুখ হতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রীবৃন্দের অংশগ্রহণে শোক র‍্যালী অনুষ্ঠিত হয়। শোক র‍্যালিতে নেতৃত্ব দেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। র‍্যালীতে বিশ্ববিদ্যালয়ের সাবেক ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ, পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. সোবহান মিয়াসহ অন্যান্য শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ অংশগ্রহণ করেন। র‍্যালী শেষে শহীদ বুদ্ধিজীবী দিবস ও ৭১' এর গণহত্যার আন্তর্জাতিক স্বীকৃতির দাবিতে স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে সাইনবোর্ড উম্মোচন ও গণস্বাক্ষর গ্রহণ কর্মসূচী পালন করা হয়। সন্ধায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, (০৪ পৃষ্ঠায় দেখুন)

## "বঙ্গবন্ধুর আদর্শকে লালনের মাধ্যমে সোনার বাংলা গড়তে হবে"

-কুয়েট ভাইস-চ্যান্সেলর



কুয়েটে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবসে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে বিশ্ববিদ্যালয়ের পক্ষে শ্রদ্ধা নিবেদন করেন মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি, স্বাধীন বাংলাদেশের স্থপতি, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০১৮ যথাযথ মর্যাদায় পালিত হয়েছে। ১৫ আগস্ট মঙ্গলবার সূর্যোদয়ের সাথে সাথে প্রশাসনিক ভবন, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের বাসভবন ও হলসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা ও কালো পতাকা উত্তোলন করা হয়। সকাল ৯টায় বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তানদের অংশগ্রহণে চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। সকাল সাড়ে ১০টায় বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু স্কয়ারে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে বিশ্ববিদ্যালয়ের পক্ষে শ্রদ্ধা নিবেদন করেন মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। এরপর শিক্ষক সমিতি, পরিচালক (ছাত্রকল্যাণ), অফিসার্স এসোসিয়েশন, ফজলুল হক হল, লালন শাহ হল, (১২ পৃষ্ঠায় দেখুন)

## “বিশ্ববিদ্যালয়ের মান শিক্ষকদের মেধা ও গবেষণার উপর নির্ভর করে”

-কুয়েট ভাইস-চ্যান্সেলর



কুয়েটে শিক্ষকদের অংশগ্রহনে “বিশ্ববিদ্যালয়কে স্বপ্নের কোন উচ্চতায় দেখতে চাই” শীর্ষক সেমিনার শেষে অংশগ্রহনকারীদের সঙ্গে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) শিক্ষকদের অংশগ্রহনে “বিশ্ববিদ্যালয়কে স্বপ্নের কোন উচ্চতায় দেখতে চাই” শীর্ষক দিনব্যাপী সেমিনার অনুষ্ঠিত হয়েছে। ০১ আগস্ট বুধবার সকাল ৯ টায় বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে অনুষ্ঠিত সেমিনারে সভাপতিত্ব করেন মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। কুয়েট ভাইস-চ্যান্সেলর তাঁর বক্তৃতায় বলেন, “বিশ্ববিদ্যালয়ের মান শিক্ষকদের মেধা ও গবেষণার উপর নির্ভর করে। নিজের উন্নতি ঘটাতে না পারলে শিক্ষার্থীদের ভালো কিছু দেওয়া যাবে না। প্রত্যেককে তার উপর অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালন করতে হবে এবং সকলের ঐকান্তিক প্রচেষ্টায় উচ্চশিক্ষা ও গবেষণায় কুয়েট এখন অগ্রগামী। কুয়েট আগামীতে আন্তর্জাতিকমানের বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত হবে, উচ্চশিক্ষা ও গবেষণায় কুয়েট রোল মডেল হবে, বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ এর নের্তৃত্ব দেবে”। ভাইস-চ্যান্সেলর হিসেবে দায়িত্ব গ্রহণের পর থেকে গত আট বছর ধরে সহযোগিতার জন্য তিঁনি সকলকে ধন্যবাদ জানান। সেমিনারে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী, ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার, শিক্ষক সমিতির সভাপতি ও (১২ পৃষ্ঠায় দেখুন)

## ১ম বর্ষের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

(০২ পৃষ্ঠার পর) ৬০ জন, বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট (বিইসিএম) বিভাগে ৬০ জন, বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং (বিএমই) বিভাগে ৩০ জন, আর্কিটেকচার (আর্ক) বিভাগে ৪০ জন, ম্যাটেরিয়ালস্ সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (এমএসই) বিভাগে ৬০ জন, এনার্জি সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (ইএসই) বিভাগে ৩০ জন, নতুন বিভাগ কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং (সিএইচই) বিভাগে ৩০ জন, মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং (এমটিই) বিভাগে ৩০ জন এবং সংরক্ষিত (ক্ষুদ্র-নৃ-গোষ্ঠীদের এবং চট্রগ্রাম বিভাগের পার্বত্য জেলার অধিবাসীদের জন্য) ৫টি আসনসহ ৩টি অনুষদের অন্তর্গত ১৬টি বিভাগে সর্বমোট ১০৬৫ জন শিক্ষার্থী ভর্তি করা হবে। পরীক্ষা চলাকালীন সময়ে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন ভর্তি পরীক্ষার কেন্দ্রসমূহ পরিদর্শন করেন। এ সময় ভর্তি পরীক্ষা কমিটির সভাপতি প্রফেসর ড. কাজী হামিদুল বারীসহ সংশ্লিষ্টগণ উপস্থিত ছিলেন। মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে ভর্তি পরীক্ষা সম্পন্ন হওয়ায় সন্তোষ প্রকাশ করে ভর্তি পরীক্ষা কমিটির সদস্যবৃন্দসহ বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ, প্রশাসনিক ও আইন শৃঙ্খলা বাহিনীর সদস্যগণ, গণমাধ্যম কর্মীগণ, ভর্তিচ্ছু শিক্ষার্থী ও তাদের অভিভাবকগণসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। কুয়েটে ২০১৮-১৯ শিক্ষাবর্ষে ৩টি অনুষদের ১৬টি বিভাগে মোট ১০৬৫ আসনের বিপরীতে মোট ১০৭৩০ জন আবেদনকারী ভর্তি পরীক্ষায় অংশগ্রহনের সুযোগ পায়। তন্মধ্যে ৭২৮২ জন পরীক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করে।

## বিদায়ী ও নবীন ভাইস-চ্যান্সেলরদ্বয়কে সংবর্ধনা প্রদান

(০৭ পৃষ্ঠার পর) প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর তাঁর দায়িত্ব পালনকালীন সময়ে সহযোগিতার জন্য সকলকে ধন্যবাদ জানান এবং ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন বিশ্ববিদ্যালয়কে সামনে দিকে এগিয়ে নিতে সকলকে সহযোগিতা করার জন্য আহ্বান জানান। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দপ্তর, বিভাগের কর্মকর্তাগণ অংশগ্রহন করেন।

## শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত

(০৩ পৃষ্ঠার পর) কর্মচারী ও ছাত্র-ছাত্রীবৃন্দের অংশগ্রহণে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এর নেতৃত্বে আলোর মিছিল অনুষ্ঠিত হয়। অন্যান্য কর্মসূচীর মধ্যে বাদ আসর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে দোয়া অনুষ্ঠান ও রাতে নাটক মঞ্চায়িত হয়। উল্লেখ্য, ১৩ ডিসেম্বর বৃহস্পতিবার বিকালে শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের অংশগ্রহনে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। এসময় তিঁনি বলেন, বুদ্ধিজীবীদের অনেক স্বপ্ন এখনও পূরণ হয়নি, স্বপ্নগুলো পূরণ হলেই তাঁদের আত্মা শান্তি পাবে, জাতি দায়মুক্ত হবে। তিঁনি আরো বলেন, বিশ্ববিদ্যালয় ও দেশের উন্নয়নের জন্য আমাদের সকলকে কাজ করতে হবে। পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদারের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে আলোচনায় অংশগ্রহণ করেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. সোবহান মিয়া এবং অন্যান্যের মধ্যে আলোচনায় অংশগ্রহণ করেন ইউআরপি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ মোস্তফা সারোয়ার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের প্রভোস্ট প্রফেসর ড. পিন্টু চন্দ্র শীল, আইইএম বিভাগের বিভাগীয় প্রধান ড. আজিজুর রহমান, রেজিস্ট্রার জি. এম. শহিদুল আলম, অফিসার্স এসোসিয়েশনের সাধারণ সম্পাদক প্রকৌশলী মোঃ মাহমুদুল হাসান, বাংলাদেশ ছাত্রলীগ কুয়েট (১১ পৃষ্ঠায় দেখুন)

## “বাংলাদেশের প্রযুক্তিগত উন্নয়নে কুয়েট অগ্রগামী ভূমিকা পালন করছে”

(শেষ পৃষ্ঠার পর) সকাল সাড়ে ৯টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে অনুষ্ঠিত হয় প্রীতি সমাবেশ। এরপর  পৌনে ১০টায় জাতীয় সঙ্গীতের সঙ্গে সঙ্গে উত্তোলন করা হয় জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা। পতাকা উত্তোলন শেষে প্রধান অতিথি বেলুন ও শান্তির প্রতীক পায়রা উড়িয়ে বিশ্ববিদ্যালয় দিবসের শুভ উদ্বোধন করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ইউজিসি'র মাননীয় সদস্য প্রফেসর ড. এম. শাহ্ নওয়াজ আলি, বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন ও বিশ্ববিদ্যালয় দিবস উদ্‌যাপন কমিটির সভাপতি ও সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী বক্তৃতা করেন।

এরপর সকাল ১০টায় অনুষ্ঠিত হয় আনন্দ শোভাযাত্রা। শোভাযাত্রায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, সাংবাদিক, আমন্ত্রিত অতিথিসহ বাহারী সাজে সজ্জিত হয়ে বিভিন্ন হলের শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। শোভাযাত্রাটি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও ফুলবাড়ীগেট এলাকা প্রদক্ষীণ শেষে স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারের সামনে এসে শেষ হয়। সকাল সাড়ে ১০টা থেকে স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের উদ্ভাবিত বিভিন্ন প্রজেক্ট ও পোস্টার প্রদর্শনী, টেকনিক্যাল পেপার প্রেজেন্টেশন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন ইউজিসি'র সদস্য প্রফেসর ড. এম. শাহ্ নওয়াজ আলি।

প্রধান অতিথি তাঁর বক্তৃতায় বলেন, “বাংলাদেশের উন্নয়নের জন্য প্রযুক্তি শিক্ষা খুবই গুরুত্বপূর্ণ। এ ক্ষেত্রে কুয়েট অগ্রগামী ভূমিকা পালন করছে। কুয়েটকে স্ব-মহিমায় উন্নীত করার জন্য বিশ্ববিদ্যালয় পরিবারের সকলকে মিলেমিশে কাজ করতে হবে”। সভাপতি তাঁর বক্তৃতায় বলেন, “কুয়েট আজ দেশের অন্যতম সেরা উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান। আমাদের গ্রাজুয়েটেরা আজ দেশের সীমানা ছাড়িয়ে বিদেশেও সুনামের সাথে কাজ করছে”।

আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা করেন সিই অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী, ইইই অনুষদের ডীন প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ, এমই অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার এবং স্বাগত বক্তৃতা করেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া। উদ্বোধনী অনুষ্ঠান ও আলোচনা সভা সঞ্চালনা করেন যথাক্রমে পাবলিক রিলেশনস অফিসার মনোজ কুমার মজুমদার এবং ইউআরপি বিভাগের প্রভাষক খন্দকার মোহাম্মদ মহিউদ্দিন ইকরাম।

দুপুর পৌনে ১টায় বিশ্ববিদ্যালয়ের মুক্তিযুদ্ধের ভাস্কর্য ‘দুর্বার বাংলা’ চত্বরে প্রধান অতিথি গাছের চারা রোপন করেন। এছাড়া বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে দর্শনার্থীদের জন্য বিভিন্ন বিভাগের ল্যাবসমূহ উম্মুক্তকরণ, ছাত্র-শিক্ষক প্রীতি ফুটবল ম্যাচ, দোয়া মাহফিল এবং সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

উল্লেখ্য, প্রতিবছর ০১ সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয় দিবস পালিত হলেও পবিত্র ঈদের ছুটির পরপরই দিবসটি থাকায় এবছর দিবসটি পালনের কর্মসূচি পালিত হয় ২২ সেপ্টেম্বর শনিবার।

খুলনায় কর্মরত সাংবাদিকবৃন্দের সাথে কুয়েট ভাইস-চ্যান্সেলর এর মতবিনিময় সভা অনুষ্ঠিত

## “আমাদের লক্ষ্য, এই বিশ্ববিদ্যালয়কে সমৃদ্ধশালী, গবেষণাধর্মী ও উদ্ভাবনীময় বিশ্বমানের বিশ্ববিদ্যালয়ে পরিণত করা

-কুয়েট ভাইস-চ্যান্সেলর



খুলনায় কর্মরত বিভিন্ন ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দের সাথে মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এর মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) খুলনায় কর্মরত সাংবাদিকবৃন্দের সাথে ভাইস-চ্যান্সেলর এর মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। ১৮ সেপ্টেম্বর মঙ্গলবার সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সভাকক্ষে অনুষ্ঠিত মতবিনিময় সভায় খুলনায় কর্মরত বিভিন্ন ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন। মতবিনিময় সভায় লিখিত বক্তব্য পাঠ করেন এবং সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। এসময় বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন (চলতি দায়িত্ব) প্রফেসর ড. মোঃ বজলার রহমান, ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার, পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া ও রেজিস্ট্রার জি এম শহিদুল আলম উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলনে কুয়েট ভাইস-চ্যান্সেলর বলেন, “গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর আগামী চার বছরের জন্য আমাকে অত্র বিশ্ববিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর হিসেবে নিয়োগ দেন এবং গত ১৩ আগস্ট, ২০১৮ তারিখে আমি দায়িত্ব গ্রহণ করি”। দায়িত্ব প্রদানের জন্য কুয়েট ভাইস-চ্যান্সেলর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর নিকট কৃতজ্ঞতা জ্ঞাপন করে বলেন, দায়িত্বগ্রহণের পরই আমি সাংবাদিকবৃন্দের সঙ্গে মত বিনিময়ের প্রয়োজনীয়তা অনুভব করি। আপনাদের সকলকে সঙ্গে নিয়ে এ বিশ্ববিদ্যালয়ের অগ্রযাত্রায় আমরা কাজ করতে চাই। আপনাদের পরামর্শ আমাদের সামনের দিনগুলোকে সুন্দর করবে, অনুপ্রেরনা ও শক্তি যোগাবে। বিশ্ববিদ্যালয়ের সাফল্য ও সম্ভাবনাগুলোকে আপনারা দেশের মানুষের নিকট তুলে ধরে বিশ্ববিদ্যালয়কে সামনের দিকে এগিয়ে নিতে আপনাদের সহযোগিতার হাত এগিয়ে দিবেন। কুয়েট ভিসি আরো বলেন, “১৯৭৪ সালে তিনটি বিভাগ, ১ জন ছাত্রীসহ ১২০ জন স্নাতক শিক্ষার্থী নিয়ে যাত্রা শুরু করা এই বিদ্যাপীঠে বর্তমানে ৩ টি ইনস্টিটিউট, ২০ টি বিভাগ, ৪৬৩৫ জন স্নাতক ও ৯৬৭ জন স্নাতকোত্তর শিক্ষার্থী রয়েছে”।

কুয়েট ভিসি আরো বলেন, “আমাদের লক্ষ্য, এই বিশ্ববিদ্যালয়কে সমৃদ্ধশালী, গবেষণাধর্মী ও উদ্ভাবনীময় বিশ্বমানের বিশ্ববিদ্যালয়ে পরিণত করা। এজন্য আমাদের লক্ষ্য আগামী দশ বছরের মধ্যে এ বিশ্ববিদ্যালয়কে World Ranking এ একটি উচ্চ অবস্থানে নিয়ে আসা। এছাড়া বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সাথে সম্মিলিতভাবে কাজ করাসহ দেশের বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের সাথে গবেষনা সম্পর্ক বৃদ্ধি করা। এজন্য প্রয়োজন আরও আধুনিক অবকাঠামো, দক্ষ জনবল, বিশ্বমানের গবেষনাগার। শিক্ষা ও গবেষনার এ লক্ষ্য অর্জনে বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো ও শিক্ষা কার্যক্রম সম্প্রসারণের জন্য একটি উন্নয়ন প্রকল্প এখন পরিকল্পনা কমিশনের চূড়ান্ত অনুমোদনের পর্যায়ে রয়েছে”। লিখিত বক্তব্য উপস্থাপনের পর বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর সাংবাদিকগণের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। এসময় সাংবাদিকবৃন্দ মতবিনিময় সভা আয়োজনের জন্য ভাইস-চ্যান্সেলর ও কুয়েট প্রশাসনকে ধন্যবাদ জানান এবং কুয়েটের অগ্রযাত্রায় সবসময় সঙ্গে থাকার আশাবাদ ব্যক্ত করেন।

## বিশ্ব বসতি দিবস পালিত




কুয়েটে ‘বিশ্ব বসতি দিবস ২০১৮’ পালন উপলক্ষে অনুষ্ঠিত র‍্যালীর নের্তৃত্ব দেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) আরবান এন্ড রিজিওনাল প্লানিং (ইউআরপি) বিভাগের আয়োজনে এবং বাংলাদেশ ইনস্টিটিউট অব প্লানার্স (বিআইপি), খুলনা চ্যাপ্টার এর সহযোগিতায় ‘বিশ্ব বসতি দিবস ২০১৮’ (ওয়ার্ল্ড হ্যাবিটেট ডে) পালিত হয়েছে। ‘মিউনিসিপ্যাল সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট’ প্রতিপাদ্যে দিবসটি পালন উপলক্ষে ০১ নভেম্বর বৃহস্পতিবার বিকাল ৩টায় বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এর নের্তৃত্বে প্রশাসনিক ভবনের সামনে থেকে র‍্যালী শুরু হয়ে ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে নিউ একাডেমিক ভবনের ডি ব্লকের সামনে এসে শেষ হয়। র‍্যালী শেষে ইউআরপি বিভাগের সেমিনার কক্ষে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতা করেন মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের সাবেক ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এবং পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া। এছাড়া বিইসিএম বিভাগের বিভাগীয় প্রধান মোঃ ইকরামুল হক, সিই বিভাগের প্রফেসর ড. মোঃ আতাউর রহমান, শিক্ষার্থীদের মধ্যে ফারজানা কনিকা এবং তন্ময় মজুমদার প্রশ্নোত্তর পর্বে অংশগ্রহণ করেন। স্বাগত বক্তৃতা করেন ইউআরপি বিভাগের সহকারী অধ্যাপক মোঃ এস্রাজ-উল-জান্নাত। আলোচনা সভায় সভাপতিত্ব করেন এবং ‘সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট ইন খুলনা সিটিঃ চ্যালেঞ্জেস এন্ড হোপস’ শীর্ষক প্রেজেন্টেশন উপস্থাপন করেন ইউআরপি বিভাগের সহকারী অধ্যাপক ও বিআইপি-খুলনা চ্যাপ্টারের সম্পাদক তুষার কান্তি রায়।

## ‘IEEE’ দিবস ২০১৮ উদ্‌যাপিত




কুয়েটে ‘আইইইই দিবস ২০১৮’ উদ্‌যাপন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে কেক কাটেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) আইইইই স্টুডেন্ট ব্রাঞ্চের আয়োজনে ‘আইইইই (IEEE) দিবস ২০১৮’ উদ্‌যাপিত হয়েছে। ১০ অক্টোবর বুধবার বিকাল সাড়ে ৫টায় স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ইইই অনুষদের ডীন প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ এবং আইইইই বাংলাদেশ সেকশনের এডুকেশনাল এক্টিভিটিস কোঅর্ডিনেটর ও ইসিই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. এ বি এম আওলাদ হোসেন। শিক্ষার্থীদের মধ্য থেকে বক্তৃতা করেন আইইইই স্টুডেন্ট ব্রাঞ্চের জাবির আল নাজি এবং তাহনিয়া নাজনিন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কুয়েটের আইইইই স্টুডেন্ট ব্রাঞ্চের কাউন্সিলর ও ইইই বিভাগের প্রফেসর ড. মোঃ নূরুন্নবী মোল্যা। উদ্বোধনী পর্ব শেষে টেকনিক্যাল সেশনে ‘ইট-বাই-ফোন ঃ স্মার্টফোন ইন্সট্রুমেন্ট ফর ফুড হেল্থ সেফটি’, ‘আইইইইএক্সট্রিম এন্ড আইইইইম্যাডসি’ এবং ‘আইইইই মেম্বারশীপ ড্রাইভ’ বিষয়ে বক্তব্য রাখেন যথাক্রমে ইইই বিভাগের সহকারী অধ্যাপক ড. মোঃ আরাফাত হোসেন, কুয়েটের এসজিআইপিসি’র সাবেক সভাপতি তন্ময় দত্ত এবং আইইইই স্টুডেন্ট ব্রাঞ্চ কুয়েটের সাবেক সভাপতি মাহমুদুল হাসান।

## “হাউ টু ইউজ ই-রিসোর্সেস এন্ড আরএফআইডি সিস্টেম ফর ফ্যাকাল্টিজ এন্ড স্টুডেন্টস অফ কুয়েট” শীর্ষক সেমিনার অনুষ্ঠিত




কুয়েটে “হাউ টু ইউজ ই-রিসোর্সেস এন্ড আরএফআইডি সিস্টেম ফর ফ্যাকাল্টিজ এন্ড স্টুডেন্টস অফ কুয়েট” শীর্ষক সেমিনারে প্রধান অতিথি হিসাবে বক্তৃতা করেন ইউজিসি’র সম্মানিত সদস্য প্রফেসর ড. মোঃ আখতার হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েটে) “হাউ টু ইউজ ই-রিসোর্সেস এন্ড আরএফআইডি সিস্টেম ফর ফ্যাকাল্টিজ এন্ড স্টুডেন্টস অফ কুয়েট” শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) হায়ার এডুকেশন কোয়ালিটি এনহেন্সমেন্ট প্রজেক্টের (হেকেপ) বিশ্ববিদ্যালয়ের সেন্ট্রাল লাইব্রেরীর সাব-প্রজেক্ট (সিপিএসএফ-৪৩৫) সেমিনারটির আয়োজন করে। ৩০ সেপ্টেম্বর সকাল ১০ টায় বিশ্ববিদ্যালয়ের সেন্ট্রাল লাইব্রেরীস্থ ডিজিটাল লাইব্রেরী অ্যাকসেস সেন্টারে সেমিনারের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সম্মানিত সদস্য প্রফেসর ড. মোঃ আখতার হোসেন এবং সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। সেমিনারের প্রধান অতিথি প্রফেসর ড. মোঃ আখতার হোসেন বলেন, “শিক্ষার গুনগতমান নিশ্চিত করতে হলে মানসম্মত শিক্ষক, মানসম্মত শিক্ষার্থী, মানসম্মত সুবিধা ও পরিবেশ নিশ্চিত করতে হবে। মানসম্মত টিচিং ও লার্নিংয়ের জন্য ডিজিটাল লাইব্রেরী অপরিহার্য”। তিঁনি আরো বলেন, শিক্ষক-শিক্ষার্থীদের গবেষনায় আরো মনোযোগী হতে হবে এবং তা মানসম্মত জার্নালে প্রকাশিত হতে হবে। সঠিকভাবে লাইব্রেরী ব্যবহারের অনুরোধ জানিয়ে সেমিনারের সভাপতি প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন তার (১৫ পৃষ্ঠায় দেখুন)

## আইকিউএসি’র আয়োজনে ওয়ার্কশপ অনুষ্ঠিত



কুয়েটে আইকিউএসি’র আয়োজনে “ইউনিভার্সিটি পলিসি এন্ড রোলস অফ টিচার্স” শীর্ষক ওয়ার্কশপে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর আয়োজনে দিনব্যাপী “ইউনিভার্সিটি পলিসি এন্ড রোলস অফ টিচার্স” শীর্ষক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে। ০৬ অক্টোবর শনিবার সকাল ০৯ টায় বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ভবনস্থ ডিসটেন্স লার্নিং থিয়েটারে অনুষ্ঠিত ওয়ার্কশপে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। ওয়ার্কশপে রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত থেকে ‘ইথিক্যাল ইস্যুস ফর ইউনিভার্সিটি টিচার্স’ এবং ‘রোলস এন্ড রেসপনসিবিলিটি অফ দি ইউনিভার্সিটি টিচার্স’ শীর্ষক টেকনিক্যাল সেশনে বক্তব্য রাখেন যথাক্রমে অত্র বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. বাসুদেব চন্দ্র ঘোষ এবং মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. এ এন এম মিজানুর রহমান। ওয়ার্কশপে স্বাগত বক্তৃতা করেন আইকিউএসি’র অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. কে এম আজহারুল হাসান। ওয়ার্কশপে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের সহকারী অধ্যাপক ও প্রভাষকবৃন্দ অংশগ্রহন করেন।

## ‘ওয়ার্কশপ অন কাটিং এজ ফ্যাব্রিকেশন ফ্যাসিলিটি ইন কুয়েট ’ অনুষ্ঠিত




কুয়েটে “কাটিং এজ ফ্যাব্রিকেশন ফ্যাসিলিটি ইন কুয়েট” ওয়ার্কশপ প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীরসহ অন্যান্য অতিথিবৃন্দ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) “কাটিং এজ ফ্যাব্রিকেশন ফ্যাসিলিটি ইন কুয়েট” ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে। ০৩ জুলাই মঙ্গলবার সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের সুডেন্টস ওয়েলফেয়ার সেন্টারে ও ফ্যাব্রিকেশন ল্যাবরেটরীতে দুই দিনব্যাপী এ ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। প্রধান অতিথির বক্তৃতায় কুয়েটে ভাইস-চ্যান্সেলর বলেন, আমাদের শিক্ষার্থীরা অনেক মেধাবী। শিক্ষার্থীদের আইডিয়া প্রকাশের ব্যবস্থা আমাদেরকেই করতে হবে। ফ্যাব ল্যাব হবে আইডিয়া প্রকাশের মাধ্যম। শিক্ষার্থীদের ভাবনাকে বাস্তবে রূপ দেওয়ার জন্য ফ্যাব ল্যাব অনন্য ভূমিকা পালন করবে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংশ্লিষ্ট প্রজেক্টের সাব-প্রজেক্ট ম্যানেজার মাহাবুব হাসান এবং বিশেষ অতিথির বক্তৃতা করেন মেকানিক্যাল অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার, পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া, সংশ্লিষ্ট প্রোজেক্টের ডেপুটি সাব-প্রজেক্ট ম্যানেজার ড. জহির উদ্দিন আহমেদ।

## “ব্লোমস ট্যাক্সোনোমি এন্ড লার্নিং আউটকামস ফর কারিকুলাম ডিজাইন এন্ড রিভিউ” শীর্ষক ওয়ার্কশপ অনুষ্ঠিত



কুয়েটে “ব্লোমস ট্যাক্সোনোমি এন্ড লার্নিং আউটকামস ফর কারিকুলাম ডিজাইন এন্ড রিভিউ” শীর্ষক ওয়ার্কশপে প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর আয়োজনে দিনব্যাপী “ব্লোমস ট্যাক্সোনোমি এন্ড লার্নিং আউটকামস ফর কারিকুলাম ডিজাইন এন্ড রিভিউ” শীর্ষক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে। ২৩ অক্টোবর সোমবার সকাল ০৯ টায় বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ভবনস্থ ডিসটেন্স লার্নিং থিয়েটারে অনুষ্ঠিত ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। ওয়ার্কশপে রিসোর্স পার্সন হিসাবে উপস্থিত থেকে ‘লার্নিং ডোমেইনস এন্ড ব্লোমস ট্যাক্সোনোমি ফর হায়ার এডুকেশন’ শীর্ষক টেকনিক্যাল সেশনে বক্তব্য রাখেন খুলনা বিশ্ববিদ্যালয়ের এগ্রোটেকনোলজি ডিসিপ্লিনের প্রফেসর ড. মোঃ সারওয়ার জাহান এবং স্বাগত বক্তৃতা ও ‘লার্নিং আউটকামস ফর টিচিং লার্নিং এন্ড কারিকুলাম ডিজাইন’ শীর্ষক টেকনিক্যাল সেশনে বক্তৃতা করেন আইকিউএসি’র অতিরিক্ত পরিচালক অত্র বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. কে এম আজহারুল হাসান। ওয়ার্কশপে বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদভূক্ত বিভাগসমূহের এবং ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট এর সহকারী অধ্যাপক ও প্রভাষকবৃন্দ অংশগ্রহন করেন।

খুলনা-৩ আসন থেকে পুনরায় সংসদ সদস্য নির্বাচিত হওয়ায়

## বেগম মন্নুজান সুফিয়ানকে কুয়েট ভাইস-চ্যান্সেলর’র শুভেচ্ছা ও অভিনন্দন



একাদশ জাতীয় সংসদ নির্বাচনে খুলনা-৩ আসন থেকে পুনরায় বিজয়ী বেগম মন্নুজান সুফিয়ানকে ফুলেল শুভেচ্ছা জানান কুয়েটের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে বিপুল ভোটে খুলনা-৩ আসন থেকে পুনরায় বিজয়ী বেগম মন্নুজান সুফিয়ানকে শুভেচ্ছা ও আন্তরিক অভিনন্দন জানিয়েছেন খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন । ৩১ ডিসেম্বর সোমবার সন্ধায় বেগম মন্নুজান সুফিয়ান এর বাসভবনে গিয়ে কুয়েট ভাইস-চ্যান্সেলর ফুলেল শুভেচ্ছা ও অভিনন্দন জানান। এসময় সাবেক ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর, পরিচালক (ছাত্রকল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. সোবহান মিয়া, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি প্রকৌ. মোঃ আনিছুর রহমান ভূঞাসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। এছাড়া, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি ও অফিসার্স এসোসিয়েশন পৃথক পৃথকভাবে খুলনা-৩ আসন থেকে বিজয়ী বেগম মন্নুজান সুফিয়ানকে ফুলেল শুভেচ্ছা জানান। উল্লেখ্য, খুলনার ছয়টি আসনসহ সারা দেশ থেকে বিজয়ী মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী বিজয়ীদের অভিনন্দন জানিয়েছেন কুয়েট’র মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। এক অভিনন্দন বার্তায় তিঁনি বলেন, এ বিজয়ের ফলে দেশ উন্নয়নের দিকে আরো অগ্রসর হবে।

## বিদায়ী ও নবীন ভাইস-চ্যান্সেলরদ্বয়কে সংবর্ধনা প্রদান



সাবেক ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর ও ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেনকে সংবর্ধনা প্রদান অনুষ্ঠানে সম্মাননা ও শুভেচ্ছা স্মারক প্রদান করা হয়।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিদায়ী ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর ও ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেনকে সংবর্ধনা প্রদান করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের অফিসার্স এসোসিয়েশনের আয়োজনে ২৫ সেপ্টেম্বর মঙ্গলবার দুপুরে অনুষ্ঠিত সংবর্ধনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এসোসিয়েশনের সভাপতি মোঃ নূরুজ্জামান। অনুষ্ঠানে সংগঠনের সাধারণ সম্পাদক প্রকৌশলী মোঃ মাহমুদুল হাসানের সঞ্চালনায় অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন রেজিস্ট্রার জি, এম, শহিদুল আলম, প্রধান প্রকৌশলী এ বি এম মামুনুর রশিদ, লাইব্রেরীয়ান মোঃ আক্কাছ উদ্দিন পাঠান, প্রধান চিকিৎসা কর্মকর্তা ডাঃ রিফাত সুলতানা শেলী, নির্বাহী প্রকৌশলী হুসাইন মুহাম্মদ এরশাদ, প্রিন্সিপ্যাল টেকনিক্যাল অফিসার শিকদার মোঃ সাইফুল ইসলাম এবং সেকশন অফিসার (গ্রেড-১) শেখ ওমর ফারুক। সংবর্ধনা অনুষ্ঠানে সাবেক ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর ও মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেনকে সম্মাননা ও শুভেচ্ছা স্মারক প্রদান করা হয়। এসময় সাবেক ভাইস-চ্যান্সেলর (০৪ পৃষ্ঠায় দেখুন)

## আইকিউএসি’র আয়োজনে কর্মশালা অনুষ্ঠিত



কুয়েটে “রিসার্স ইন্টিগ্রিটি এন্ড পাবলিকেশন ইথিকস” শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসিওরেন্স সেল (আইকিউএসি) কর্তৃক “রিসার্স ইন্টিগ্রিটি এন্ড পাবলিকেশন ইথিকস” শীর্ষক কর্মশালা (২য় পর্ব) অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইন্ডাষ্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট, লেদার ইঞ্জিনিয়ারিং, আরবান এন্ড রিজিওনাল প্লানিং, এনার্জি সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং, গণিত, পদার্থ এবং রসায়ন বিভাগের পোস্ট গ্রাজুয়েট শিক্ষার্থীদের অংশগ্রহণে ১৫ জুলাই রবিবার সকাল ৯টায় বিশ্ববিদ্যালয়ের ‘ডিস্টান্স লার্নিং থিয়েটারে’ আয়োজিত কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী। কর্মশালায় রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত থেকে কারিগরী অধিবেশন পরিচালনা করেন কুয়েটের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মোহাম্মদ আরিফুল ইসলাম, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. এ বি এম মহীউদ্দিন এবং ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মোঃ শাহজাহান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইকিউএসি’র পরিচালক প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এবং স্বাগত বক্তব্য প্রদান করেন অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. কে. এম. আজহারুল হাসান।

## রোকেয়া হলে বার্ষিক প্রীতিভোজ অনুষ্ঠিত



কুয়েটের রোকেয়া হলে বার্ষিক প্রীতিভোজ অনুষ্ঠানের প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেনকে স্মারক সম্মাননা প্রদান করা হয়।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) রোকেয়া হলে বার্ষিক প্রীতিভোজ ১৫ ডিসেম্বর শনিবার রাতে হল প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। রোকেয়া হলের প্রভোস্ট প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ডীন, ইনস্টিটিউট পরিচালক, বিভাগীয় প্রধান, পরিচালক, বিভিন্ন হলের প্রভোস্ট ও সহকারী প্রভোস্টগণ, সংশ্লিষ্ট হলের সহকারী প্রভোস্ট এবং রোকেয়া হলের শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

## ভাইস-চ্যান্সেলরের সাথে ভারতীয় সহকারী হাই কমিশনারের সৌজন্য সাক্ষাৎ

(১৪ পৃষ্ঠার পর) কাজ করতে আগ্রহী। কুয়েট ভিসি বলেন, উচ্চশিক্ষার মানোন্নয়নে এ বিশ্ববিদ্যালয়ে নানামুখী প্রচেষ্টা অব্যাহত রাখা হয়েছে। ভারতীয় সহকারী হাই কমিশনার ভাইস-চ্যান্সেলরকে তার নিজের এবং তার দেশের পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে বলেন ইতিহাস-ঐতিহ্যে, সাহিত্য-সংস্কৃতিতে বাংলাদেশ ও ভারতের দীর্ঘ অভিন্নতার ইতিহাস রয়েছে। যেখানে মানুষের মধ্যে পারস্পরিক সম্পর্ক শত শত বছর ধরে অত্যন্ত চমৎকার। দেশভাগ হলেও আজও আমাদের সাহিত্য-সংস্কৃতি ও অন্তরের অনুভব ভাগ হয়নি।

## আইকিউএসি'র আয়োজনে ওয়ার্কশপ অনুষ্ঠিত



কুয়েটে "ব্লোমস ট্যাক্সোনোমি এন্ড লার্নিং আউটকামস ফর কারিকুলাম ডিজাইন এন্ড রিভিউ" শীর্ষক ওয়ার্কশপে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ইন্‌স্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর আয়োজনে দিনব্যাপী "ব্লোমস ট্যাক্সোনোমি এন্ড লার্নিং আউটকামস ফর কারিকুলাম ডিজাইন এন্ড রিভিউ" শীর্ষক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে। ২২ অক্টোবর সোমবার সকাল ০৯ টায় বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ভবনস্থ ডিসটেন্স লার্নিং থিয়েটারে অনুষ্ঠিত ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। ওয়ার্কশপে রিসোর্স পার্সন হিসাবে উপস্থিত থেকে 'লার্নিং ডোমেইনস এন্ড ব্লোমস ট্যাক্সোনোমি ফর হায়ার এডুকেশন' শীর্ষক টেকনিক্যাল সেশনে বক্তব্য রাখেন খুলনা বিশ্ববিদ্যালয়ের এগ্রোটেকনোলজি ডিসিপ্লিনের প্রফেসর ড. মোঃ সারওয়ার জাহান এবং স্বাগত বক্তৃতা ও 'লার্নিং আউটকামস ফর টিচিং লার্নিং এন্ড কারিকুলাম ডিজাইন' শীর্ষক টেকনিক্যাল সেশনে বক্তৃতা করেন আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক অত্র বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. কে এম আজহারুল হাসান। ওয়ার্কশপে বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদভূক্ত বিভাগসমূহের এবং ইনস্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজির সহকারী অধ্যাপক ও প্রভাষকবৃন্দ অংশগ্রহন করেন।

## আইকিউএসি'র আয়োজনে কর্মশালা অনুষ্ঠিত



কুয়েটে "কোয়ালিটি অ্যাসুরেন্স ইন ইঞ্জিনিয়ারিং এডুকেশন থ্রো ওবিই" শীর্ষক কর্মশালায় প্রধান অতিথির বক্তৃতা করেন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) কর্তৃক "কোয়ালিটি অ্যাসুরেন্স ইন ইঞ্জিনিয়ারিং এডুকেশন থ্রো ওবিই" শীর্ষক দ্বিতীয় দিনের কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ২৭ জুলাই শুক্রবার সকাল ৯টায় বিশ্ববিদ্যালয়ের 'প্রশাসনিক ভবনের সভাকক্ষে' আয়োজিত কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার। কর্মশালায় রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত থেকে কারিগরী অধিবেশন পরিচালনা করেন বুয়েটের আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. এম রফিকুল ইসলাম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এবং স্বাগত বক্তব্য প্রদান করেন অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. কে. এম. আজহারুল হাসান।

## আইকিউএসি'র আয়োজনে কর্মশালা অনুষ্ঠিত



কুয়েটে "রিসার্স ইন্টিগ্রিটি এন্ড পাবলিকেশন ইথিকস" শীর্ষক কর্মশালায় প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে "রিসার্স ইন্টিগ্রিটি এন্ড পাবলিকেশন ইথিকস" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং এবং ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্টে অধ্যয়নরত পোস্ট গ্রাজুয়েট শিক্ষার্থীদের অংশগ্রহণে ১৪ জুলাই শনিবার সকাল ৯টায় বিশ্ববিদ্যালয়ের 'ডিস্টান্স লার্নিং থিয়েটারে' আয়োজিত কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। কর্মশালায় রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত থেকে কারিগরী অধিবেশন পরিচালনা করেন কুয়েটের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মোহাম্মদ আরিফুল ইসলাম, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. এবিএম মহীউদ্দিন এবং ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মোঃ শাহজাহান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এবং স্বাগত বক্তব্য প্রদান করেন অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. কে. এম. আজহারুল হাসান।

## আইকিউএসি'র আয়োজনে কর্মশালা অনুষ্ঠিত



কুয়েটে "কোয়ালিটি এসুরেন্স ইন ইঞ্জিনিয়ারিং এডুকেশন থ্রো ওবিই" শীর্ষক কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) কর্তৃক "কোয়ালিটি অ্যাসুরেন্স ইন ইঞ্জিনিয়ারিং এডুকেশন থ্রো ওবিই" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ২৬ জুলাই বৃহস্পতিবার সকাল ৯টায় বিশ্ববিদ্যালয়ের 'প্রশাসনিক ভবনের সভাকক্ষে' আয়োজিত কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। কর্মশালায় রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত থেকে কারিগরী অধিবেশন পরিচালনা করেন বুয়েটের আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. এম রফিকুল ইসলাম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এবং স্বাগত বক্তব্য প্রদান করেন অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. কে. এম. আজহারুল হাসান।

## খুলনা সফ্টওয়্যার টেকনোলজি পার্কের পরিবেশ মূল্যায়ন সম্পর্কিত জনসাধারণের

(১০ পৃষ্ঠার পর) পার্কের বিভিন্ন বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করেন এবং এর সুফল কুয়েটসহ এর সংলগ্ন এলাকা তথা সমগ্র বাংলাদেশ পাবে বলে আশাবাদ ব্যক্ত করেন। সভায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও ইনস্টিটিউট এর শিক্ষকবৃন্দ, কর্মকর্তাবৃন্দ, স্থানীয় রাজনীতিবিদ ও সমাজসেবক, সাংবাদিক, আইটি ব্যবসায়ী ও সংশ্লিষ্ট বিভাগসমূহের শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।

## নিরাপত্তা গার্ডদের স্বল্পমেয়াদী মৌলিক প্রশিক্ষণ অনুষ্ঠিত



কুয়েটে কর্মরত নিরাপত্তা গার্ডদের স্বল্পমেয়াদী মৌলিক প্রশিক্ষণ কর্মসূচীর সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) কর্মরত নিরাপত্তা গার্ডদের স্বল্পমেয়াদী মৌলিক প্রশিক্ষণ (০১-২৫ ডিসেম্বর ২০১৮ পর্যন্ত) অনুষ্ঠিত হয়েছে। ২৭ ডিসেম্বর বৃহস্পতিবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে প্রশিক্ষণ কর্মসূচীর সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। এসময় তিঁনি বলেন, "সকলের জন্যই প্রশিক্ষণের প্রয়োজনীয়তা রয়েছে। প্রশিক্ষণ মানুষকে সঠিকভাবে তৈরী করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে"। তিঁনি আরো বলেন, "আমাদের সকলকে বিশ্ববিদ্যালয়ের নিয়ম মেনে চলতে হবে এবং নিজের দায়িত্ব সঠিকভাবে পালন করতে হবে।" নিরাপত্তা কমিটির সভাপতি প্রফেসর ড. মোঃ মিজানুর রহমান বাদলের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা করেন ভারপ্রাপ্ত রেজিস্ট্রার ও কম্পট্রোলার জনাব মোঃ নূরুজ্জামান এবং সঞ্চালনা করেন পাবলিক রিলেশনস অফিসার মনোজ কুমার মজুমদার। অনুষ্ঠানে অনুভূতি ব্যক্ত করে বক্তৃতা করেন প্রাইড সিকিউরিটি সার্ভিস লিঃ এর মোঃ সুমন সরদার, দৈনিক মজুরী ভিত্তিক নিরাপত্তা গার্ড মোঃ শামিম এবং নিরাপত্তা গার্ড আহসান হাবিব সুমন। অনুষ্ঠানে সেরা প্রশিক্ষনার্থী ও প্রশিক্ষকদের পুরস্কৃত করা হয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা কর্মকর্তাসহ সংশ্লিষ্ট কর্মকর্তা, কর্মচারী এবং প্রশিক্ষণ গ্রহণকারী নিরাপত্তা গার্ডগণ উপস্থিত ছিলেন।

## কুয়েটের উন্নয়নে একনেকে ৮৩৮ কোটি ৩৭ লক্ষ টাকা অনুমোদন

### মাননীয় প্রধানমন্ত্রীকে কুয়েট ভিসির ধন্যবাদ জ্ঞাপন

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে সবচেয়ে বড় বাজেটের উন্নয়ন প্রকল্প অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে ০৪ নভেম্বর রবিবার ঢাকায় অনুষ্ঠিত একনেকের সভায় ৮৩৮ কোটি ৩৬ লক্ষ ৯৮ হাজার টাকার "খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো ও একাডেমিক কার্যক্রম সম্প্রসারণ" প্রকল্প অনুমোদন দেওয়া হয়। এই প্রকল্পের বাস্তবায়নের মেয়াদ ধরা হয়েছে অক্টোবর ২০১৮ থেকে সেপ্টেম্বর ২০২২ সাল পর্যন্ত। অনুমোদিত এই প্রকল্পে উল্লেখযোগ্য কাজ এবং অবকাঠামোসমূহের মধ্যে রয়েছে ভূমি অধিগ্রহণ, পুরাতন ভবনসমূহের মেরামত, ভূগর্বস্থ ক্যাবল ওয়ারিং ও আনুসাঙ্গিক কাজ, বিভিন্ন ইনস্টিটিউট ও বিভাগের বৈজ্ঞানিক ও ল্যাব যন্ত্রপাতি ক্রয়, ১০ তলা বিশিষ্ট নতুন একাডেমিক ভবন, ১০ তলা বিশিষ্ট ইন্সটিটিউট ভবন, ৫ তলা বিশিষ্ট ২টি ছাত্র হল ও ২টি ছাত্রী হল, ৫ তলা বিশষ্ট ফরেন স্টুডেন্ট ডরমেটরী এন্ড ভিজিটিং ফ্যাকাল্টি অ্যাকোমোডেশন, ৫ তলা পর্যন্ত ২টি ছাত্র হলের আনুভূমিক সম্প্রসারণ, ১০ তলা বিশিষ্ট শিক্ষক ও কর্মকর্তাদের আবাসিক ভবন, ৫ তলা বিশিষ্ট শিক্ষক ও কর্মকর্তাদের ডরমেটরী ভবন, ১০ তলা বিশিষ্ট স্টাফদের আবাসিক ভবন, সোলার সিস্টেম স্থাপনসহ সাবস্টেশন নির্মাণ ইত্যাদি। ২০০৩ সালে বিশ্ববিদ্যালয় হিসেবে রূপান্তরের পর কয়েক ধাপে উন্নয়ন বরাদ্দ পাওয়া গেলেও ৮৩৮ কোটি ৩৭ লক্ষ টাকার এই বরাদ্দ অতীতের বরাদ্দসমূহের চেয়ে অনেক বেশী।

জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটিতে (একনেক) খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে এযাবতকালের সবচেয়ে বড় অংকের উন্নয়ন প্রকল্প অনুমোদন দেওয়ায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনাকে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন তাঁর নিজের এবং বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে ধন্যবাদ ও গভীর কৃতজ্ঞতা জানিয়েছেন। তিঁনি বলেন, এই উন্নয়ন বরাদ্দ কুয়েটের প্রতি মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ আনুকূল্যস্বরূপ, এর মাধ্যমে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ করে শিক্ষা ও গবেষণার নতুন দ্বার উন্মোচন করে বিশ্ববিদ্যালয় তার অভিষ্ট লক্ষ্যে এগিয়ে যাবে। একই সাথে কুয়েট ভিসি মাননীয় অর্থমন্ত্রী, মাননীয় পরিকল্পনামন্ত্রী, মাননীয় শিক্ষামন্ত্রীসহ একনেকের সদস্যবৃন্দ, সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়ের সচিববৃন্দ, ইউজিসির মাননীয় চেয়ারম্যান, সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় ও বিভাগ, পরিকল্পনা অনুবিভাগ, প্রকল্প বাস্তবায়ন অনুবিভাগসহ সংশ্লিষ্ট সকলের প্রতি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়েছেন।

### "সাকসেস সামিট এন্ড ব্রান্ডিং কুয়েট" শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

## " সবকিছু থেকে অর্জন করা শিখতে হবে"

-ভাইস-চ্যান্সেলর




কুয়েটে "সাকসেস সামিট এন্ড ব্রান্ডিং কুয়েট" শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) "সাকসেস সামিট এন্ড ব্রান্ডিং কুয়েট" শীর্ষক সেমিনার ৩০ জুলাই সোমবার বিকাল ৫ টায় বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুয়েটের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এবং কীনোট স্পিকার ছিলেন সেলস মার্কেটিং এন্ড ম্যানেজমেন্ট স্পেশালিস্ট সাম সওকত হোসেন। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন কুয়েটের পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া এবং সংগীত পরিবেশন করেন গাজী মেডিকেল কলেজ হাসপাতালের ম্যানেজিং ডিরেক্টর ডাঃ গাজী মিজানুর রহমান। অনুষ্ঠানে বক্তারা বলেন, "লক্ষ্যে অবিচল এবং আপোষহীন হতে হবে। নিজেকে প্রকাশিত করতে হবে এবং সবকিছু থেকে অর্জন করা শিখতে হবে। জীবনে সফল হতে হলে বাঁধা ও চ্যালেঞ্জ মোকাবিলা করে এগিয়ে যেতে হবে। নৈতিকতা এবং লক্ষ্য ঠিক থাকলে সফলতা অর্জন করা সম্ভব। যে স্বপ্ন দেখেনা সে সফলতা পায় না"। অনুষ্ঠানে বক্তারা তাদের সাফল্য তুলে ধরেন এবং অংশগ্রহনকারীদের বিভিন্ন বিষয়ে দিক নির্দেশনা প্রদান করেন। ক্যারিয়ার ফর ডেভেলপিং ম্যানেজমেন্ট এক্সিলেন্স (সিডিএমই) এর আয়োজনে এবং কুয়েট ব্রান্ড শপের সহযোগীতায় অনুষ্ঠানের স্পন্সর ছিল গাজী মেডিকেল কলেজ হাসপাতাল এবং এপেক্স ওয়েভিং এন্ড ফিনিশিং মিলস লিমিটেড।

## ইউজিসি'র সাথে কুয়েটের ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি স্বাক্ষরিত



ইউজিসি'র সাথে কুয়েট এর ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

সরকারি কর্মব্যবস্থাপনা পদ্ধতির আওতায় বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) সাথে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়েছে। গত ০৮ জুলাই রবিবার সকাল ১০ টায় ইউজিসি'র অডিটরিয়ামে ইউজিসি চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান এর উপস্থিতিতে কুয়েটসহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সাথে এ চুক্তি স্বাক্ষরিত হয়। এসময় কুয়েটের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর, রেজিস্ট্রার জি এম শহিদুল আলম, ফোকাল পয়েন্ট (বিশ্ববিদ্যালয়ের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি সংক্রান্ত) মোঃ মনিরুজ্জামান উপস্থিত ছিলেন। কমিশনের সচিব এবং সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার উক্ত চুক্তিতে স্বাক্ষর করেন। অনুষ্ঠানে সকল বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর, রেজিস্ট্রার, ফোকাল পয়েন্ট (বিশ্ববিদ্যালয়ের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি সংক্রান্ত) এবং ইউজিসি'র পরিচালক, যুগ্ম-সচিব/ অতিরিক্ত পরিচালক ও উপ-সচিব/উপ-পরিচালকগণ উপস্থিত ছিলেন।

# আইইবি, খুলনা কেন্দ্রের উদ্যোগে কুয়েটে বৃক্ষ রোপন ও মৎস্য অবমুক্তকরণ কর্মসূচী পালিত



আইইবি, খুলনা কেন্দ্রের উদ্যোগে কুয়েটে বৃক্ষ রোপন এবং মাছের পোনা অবমুক্তকরণ কর্মসূচীতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন বাংলাদেশ (আইইবি), খুলনা কেন্দ্রের উদ্যোগে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) বৃক্ষ রোপন ও মৎস্য অবমুক্তকরণ কর্মসূচী পালিত হয়েছে। ০১ নভেম্বর বৃহস্পতিবার দুপুর ১২টায় শহীদ মিনার সংলগ্ন লেকের পাড়ে প্রধান অতিথি হিসেবে বৃক্ষ রোপন এবং লেকে মাছের পোনা অবমুক্ত করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। এসময় অন্যান্যের মধ্যে আইইবি খুলনা কেন্দ্রের চেয়ারম্যান প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন, আইইবি খুলনা কেন্দ্রের সম্মানী সম্পাদক প্রফেসর ড. সোবহান মিয়া, ভাইস-চেয়ারম্যান (এএন্ডএইচআরডি) প্রকৌশলী দিলু আরা, কাউন্সিল সদস্য প্রকৌশলী মোঃ ইকরামুল হক, প্রকৌশলী মোঃ আনিছুর রহমান ভূঞা, প্রকৌশলী ওয়াহিদুল ইসলাম, প্রকৌশলী হুসাইন মুহাম্মদ এরশাদ, প্রকৌশলী আসলাম পারভেজসহ আইইবি খুলনা কেন্দ্রের সদস্য, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীগণ উপস্থিত ছিলেন ।

# খুলনা সফ্টওয়্যার টেকনোলজি পার্কের পরিবেশ মূল্যায়ন সম্পর্কিত জনসাধারণের পরামর্শ বিষয়ক সভা অনুষ্ঠিত



কুয়েটে নির্মাণাধীন খুলনা সফ্‌টওয়্যার টেকনোলজি পার্কের পরিবেশ মূল্যায়ন সম্পর্কিত জনসাধারণের পরামর্শ বিষয়ক সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েটে) নির্মাণাধীন খুলনা সফ্‌টওয়্যার টেকনোলজি পার্কের পরিবেশ মূল্যায়ন সম্পর্কিত জনসাধারণের পরামর্শ বিষয়ক সভা অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ হাইটেক পার্ক অথরিটির আয়োজনে ৩০ সেপ্টেম্বর রবিবার বিকাল ৪টায় প্রশাসনিক ভবনের সভাকক্ষে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। সভায় অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন সাবেক ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর, সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী, আইআইসিটি'র পরিচালক প্রফেসর ড. বাসুদেব চন্দ্র ঘোষ, আইইপিটি'র পরিচালক প্রফেসর ড. এ এন এম মিজানুর রহমান, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মুহাম্মদ শাহজাহান আলী, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. খন্দকার মাহবুব হাসান, সিএসই বিভাগের প্রফেসর ড. এম এম এ হাসেম, পদার্থ বিজ্ঞান বিভাগের প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, বাংলাদেশ আওয়ামীলীগ খুলনা মহানগর সহ-সভাপতি বেগ লিয়াকত আলী, বিশিষ্ট সমাজ সেবক সৈয়দ আশরাফ আলী, ইইই বিভাগের শিক্ষার্থী খাদিজাতুল কুবরা প্রমুখ। সভায় প্রেজেন্টেশন প্রদান করেন এবং বিভিন্ন প্রশ্নের জবাব দেন হাইটেক পার্ক অথরিটির পরিবেশ বিশেষজ্ঞ ড. মোঃ নূরুল ইসলাম। বক্তাগণ খুলনা সফ্‌টওয়্যার টেকনোলজি (০৮ পৃষ্ঠায় দেখুন)

# "ট্রান্সফরমিং স্টুডেন্টস উইকনেস ইনটু স্ট্রেন্থস" শীর্ষক মোটিভেশন ওয়ার্কশপ অনুষ্ঠিত




কুয়েটে "ট্রান্সফরমিং স্টুডেন্টস উইকনেস ইনটু স্ট্রেন্থস" শীর্ষক মোটিভেশন ওয়ার্কশপে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) "ট্রান্সফরমিং স্টুডেন্টস উইকনেস ইনটু স্ট্রেন্থস" শীর্ষক মোটিভেশন ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগ ও ইইই এসোসিয়েশনের আয়োজনে ০২ জুলাই সোমবার সকালে স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। ইইই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ শাহজাহান এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা করেন ইইই অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক, বাংলাদেশ কেবল শিল্প লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ সিরাজুল ইসলাম ও পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া। ওয়ার্কশপে রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল সাইকোলজী বিভাগের চেয়ারম্যান ড. এম. কামরুজ্জামান মজুমদার এবং জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট এর সহকারী অধ্যাপক মোঃ জহির উদ্দীন।

# ডিপ্লোমা প্রকৌশলী সমিতির আয়োজনে সদস্যদের সংবর্ধনা প্রদান



কুয়েট ডিপ্লোমা প্রকৌশলী সমিতির আয়োজনে সাধারণ সভা ও আপগ্রেডেশন প্রাপ্ত সদস্যদের সংবর্ধনা প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) 'কুয়েট ডিপ্লোমা প্রকৌশলী সমিতি'র আয়োজনে সাধারণ সভা, আপগ্রেডেশন প্রাপ্ত সদস্যদের সংবর্ধনা প্রদান অনুষ্ঠান ০৯ অক্টোবর মঙ্গলবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) ভবনে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এবং বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ইইই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম। সমিতির সভাপতি শিকদার মোঃ সাইফুল ইসলামের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক প্রকৌ. বাদশা মোঃ হারুন এর সঞ্চালনায় অনুষ্ঠানে সমিতির সদস্যবৃন্দ অংশগ্রহণ করেন।

# ইউআরপি বিভাগের অফিস সহায়ক শেখ ইলিয়াছ হোসেনের অকাল মৃত্যুতে ভাইস-চ্যান্সেলরের গভীর শোক প্রকাশ

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ইউআরপি বিভাগের অফিস সহায়ক শেখ ইলিয়াছ হোসেনের (৫৩) অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন কুয়েট এর মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। মৃত্যু সংবাদ শোনার পরই কুয়েট ভাইস-চ্যান্সেলর শেখ ইলিয়াছ হোসেনের বাড়িতে ছুটে যান, তিঁনি শেখ ইলিয়াছ হোসেনের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং শোক-সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

## শিক্ষার্থীদের মধ্যে বৃত্তির চেক হস্তান্তর



কুয়েট এলামনাই অ্যাসোসিয়েশন এশিয়া প্যাসিফিক ও কুয়েট এলামনাই অ্যাসোসিয়েশন এর লোকাল কালেকশন ফান্ডের বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের সাথে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন ও অন্যান্য শিক্ষকবৃন্দ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) শিক্ষার্থীদের মধ্যে কুয়েট এলামনাই অ্যাসোসিয়েশন এশিয়া প্যাসিফিক (এএএপি) ও কুয়েট এলামনাই অ্যাসোসিয়েশন এর লোকাল কালেকশন ফান্ডের বৃত্তি প্রদান করা হয়েছে। ২২ অক্টোবর সোমবার বিকাল ৪ টায় প্রশাসনিক ভবনের সভাকক্ষে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন ২২ জন শিক্ষার্থীদের মধ্যে বৃত্তি হিসাবে জনপ্রতি দশ হাজার টাকার চেক হস্তান্তর করেন। এসময় উপস্থিত ছিলেন কুয়েটএএএপি লোকাল রিপ্রেজেনটেটিভ কমিটির সভাপতি ও মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. এ, এন, এম মিজানুর রহমান, কুয়েটএএএপি লোকাল রিপ্রেজেনটেটিভ কমিটির সদস্য কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. এম. এম. এ হাসেম, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. খোঃ মোঃ শফিউল ইসলাম ও ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মুহাঃ রফিকুল ইসলাম, কুয়েটএএএপি লোকাল রিপ্রেজেনটেটিভ কমিটির সচিব ও বিশ্ববিদ্যালয়ের ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা) শেখ আক্কাছ আলী প্রমূখ।

### অফিসার্স এসোসিয়েশনের নির্বাহী কমিটির নির্বাচন ও বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

## সভাপতি আনিছুর রহমান ও সাধারণ সম্পাদক আসলাম পারভেজ



প্রকৌঃ মোঃ আনিছুর রহমান ভূঞা



প্রকৌঃ মোঃ আসলাম পারভেজ

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) অফিসার্স এসোসিয়েশনের নির্বাহী কমিটির ২০১৯ টার্মের নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। ২০ ডিসেম্বর সকাল ১০টা থেকে বেলা ২টা পর্যন্ত ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়েছে। নির্বাচনে সভাপতি পদে প্রকৌঃ মোঃ আনিছুর রহমান ভূঞা ও সাধারণ সম্পাদক পদে প্রকৌঃ মোঃ আসলাম পারভেজ নির্বাচিত হয়েছেন। এছাড়া সহ-সভাপতি পদে প্রকৌঃ হুসাইন মুহাম্মদ এরশাদ, সহ-সাধারণ সম্পাদক পদে মোঃ হেলাল ফকির, সাংগঠনিক সম্পাদক পদে পবিত্র কুমার সাহা, ট্রেজারার পদে মোঃ ওমর ফারুক, ক্রীড়া, সাংস্কৃতিক ও সমাজ কল্যাণ সম্পাদক পদে গাজী মোহাম্মদ বরকত উল্লাহ, দপ্তর ও প্রচার সম্পাদক পদে মোঃ রুবেল শেখ এবং সদস্য পদে শেখ ওমর ফারুক, মোঃ আব্বাস আলী, মোঃ আক্কাছ উদ্দিন পাঠান নির্বাচিত হয়েছেন। নির্বাচনে প্রধান নির্বাচন কমিশনের দায়িত্ব পালন করেন মোঃ জাহাঙ্গীর হোসেন এবং নির্বাচন কমিশনারের দায়িত্ব পালন করেন হীরামনি শাহীতাজ ও প্রকৌঃ মোঃ সিদ্দিকুর রহমান তানভীর। উল্লেখ্য, নির্বাচনে ১২৩ জন ভোটারের মধ্যে ১২২ জন ভোট প্রদান করেন এবং ৫ টি ব্যালট বাতিল হয়। এছাড়া, ভোট গ্রহণ চলাকালীন অফিসার্স এসোসিয়েশনের বাৎসরিক সাধারণ সভা এবং মধ্যাহ্ন ভোজ অনুষ্ঠিত হয়।

## শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত

(০৪ পৃষ্ঠার পর) শাখার সভাপতি মোঃ আবুল হাসান শোভন, কর্মচারী সমিতির (৩য় শ্রেণী) সভাপতি মোঃ মামুনুর রশীদ, কর্মচারী সমিতির (৪র্ত শ্রেণী) সাধারণ সম্পাদক মোঃ ইমরান আলী ও বঙ্গবন্ধু কর্মচারী পরিষদের সভাপতি সোনালী বিনতে শরীফ এবং অনুষ্ঠানটি সঞ্চালনা করেন পাবলিক রিলেশনস অফিসার মনোজ কুমার মজুমদার।

## ডিবেটিং সোসাইটির ১৫ বছর পূর্তি উদ্‌যাপন



কুয়েট ডিবেটিং সোসাইটির ১৫ বছর পূর্তি উপলক্ষে বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের সঙ্গে অনুষ্ঠানের প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) বিতর্ক সংগঠন কুয়েট ডিবেটিং সোসাইটির (কেডিএস) ১৫ বছর পূর্তি উপলক্ষে স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ের শিক্ষার্থীদের নিয়ে দুই দিনব্যাপী বিতর্ক ও কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। ০৬ অক্টোবর শনিবার রাতে বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে পুরস্কার বিতরণী ও সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। কেডিএস এর মডারেটর ড. আজিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন কেডিএস এর সাবেক সাধারণ সম্পাদক ও অত্র বিশ্ববিদ্যালয়ের ইউআরপি বিভাগের প্রভাষক খন্দকার মোহাম্মদ মহিউদ্দিন ইকরাম, কেডিএস এর সাবেক সভাপতি অঞ্জন রায় ও গুঞ্জন বড়ুয়া এবং শুভেচ্ছা বক্তৃতা করেন বর্তমান সভাপতি জয়। বিশ্ববিদ্যালয় পর্যায়ের সংসদীয় ধারার বিতর্ক প্রতিযোগিতায় খুলনা বিশ্ববিদ্যালয় দলকে হারিয়ে চ্যাম্পিয়ন হয় কুয়েট এর বিতার্কিক দল। অনুষ্ঠানে খুলনার বিভিন্ন স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের বিতার্কিকগণ, কেডিএস এর সদস্যবৃন্দসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষার্থীরা অংশগ্রহন করেন।

## "ইগনিশন ২০১৮ঃ ন্যাশনাল মেকানিক্যাল ফেস্টিভ্যাল" অনুষ্ঠিত



কুয়েটে এমই বিভাগের আয়োজনে "ইগনিশন ২০১৮ঃ ন্যাশনাল মেকানিক্যাল ফেস্টিভ্যাল" অনুষ্ঠানে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের একটিং ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী হামিদুল বারী।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের আয়োজনে তিন দিনব্যাপী "ইগনিশন ২০১৮ঃ ন্যাশনাল মেকানিক্যাল ফেস্টিভ্যাল" অনুষ্ঠিত হয়েছে। ০৮ সেপ্টেম্বর শনিবার রাতে বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে ফেস্টিভ্যালের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন ও একটিং ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী হামিদুল বারী। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার ও মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অ্যাসোসিয়েশনের সভাপতি প্রফেসর ড. খন্দকার আফতাব হোসেন। অনুষ্ঠানের কনভেনর হিসেবে উপস্থিত ছিলেন প্রফেসর মোঃ গোলাম কাদের এবং সভাপতিত্ব করেন বিভাগীয় প্রধান প্রফেসর ড. সোবহান মিয়া। উল্লেখ্য, গত ০৬ সেপ্টেম্বর বৃহস্পতিবার ফেস্টিভ্যালের উদ্বোধনী অনুষ্ঠান শেষে কী নোট সেশন পরিচালনা করেন বাংলাদেশ এটোমিক এনার্জী কমিশনের সাবেক চেয়ারম্যান মোঃ আলী জুলকারনাঈন এবং ইন্টারন্যাশনাল সাপ্লাই চেইন এডুকেশন এ্যালায়েন্স এর সিইও এশিয়া ইজাজুর রহমান।

তিন দিনব্যাপী ফেস্টিভ্যালে কুয়েটসহ দেশের ২১টি বিশ্ববিদ্যালয়ের প্রায় সাতশত শিক্ষার্থী অংশগ্রহণ করেন। ফেস্টিভ্যালে সেমিনার, কী নোট সেশনসহ বিভিন্ন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতি ক্যাটাগরীতে ৩ জন করে ১০ ক্যাটাগরীতে বিজয়ীদের পুরস্কৃত করা হয়। শিক্ষার্থী ছাড়াও ফেস্টিভ্যালে গবেষক, শিক্ষক, দেশের স্বনামধন্য প্রকৌশলী ও প্রযুক্তিবিদগণসহ অন্যান্যরা অংশগ্রহন করেন।

## কুয়েটের ইসিই বিভাগে সেনা কর্মকর্তাদের বেসিক ট্রেনিং অনুষ্ঠিত



কুয়েটে দেশ বিদেশের সেনা কর্মকর্তাদের বেসিক কমিউনিকেশন সিস্টেম ট্রেনিং কোর্সের সনদপত্র প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইসিই) বিভাগে বাংলাদেশ, শ্রীলঙ্কা, নেপাল ও ফিলিস্তিন সেনাবাহিনীর কর্মকর্তাদের অংশগ্রহণে ৪ দিন ব্যাপী “ল্যাবরেটরী বেসড ট্রেনিং অন বেসিক কমিউনিকেশন সিস্টেম” বিষয়ক ট্রেনিং অনুষ্ঠিত হয়েছে। ১৮ জুলাই বুধবার দুপুর সাড়ে ১২ টায় কোর্সের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কোর্স সম্পন্নকারী ২১ সেনা কর্মকর্তাদের সনদপত্র প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। বিশেষ অতিথি ছিলেন কুয়েটের ইইই অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক। সভাপতিত্ব করেন ইসিই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. এ বি এম আওলাদ হোসেন। এসময় বিভাগের অন্যান্য শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

## “বঙ্গবন্ধুর আদর্শকে লালনের মাধ্যমে সোনার বাংলা গড়তে হবে”

(০৩ পৃষ্ঠার পর) খানজাহান আলী হল, ড. এম.এ. রশীদ হল, রোকেয়া হল, অমর একুশে হল, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল, কুয়েট ছাত্রলীগ, কর্মচারী সমিতি (৩য় শ্রেণী), কর্মচারী সমিতি (৪র্থ শ্রেণী), মাস্টাররোল কর্মচারী সমিতি, বঙ্গবন্ধু কর্মচারী পরিষদ, বঙ্গবন্ধু পরিষদ, খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল ও উন্মেষ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পক্ষ থেকে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করা হয়। সকাল ১১টায় জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। তিনি বলেন, “বঙ্গবন্ধুর আদর্শকে লালনের মাধ্যমে সোনার বাংলা গড়তে হবে। বঙ্গবন্ধু ও বাংলাদেশ এক সূত্রে গাথা। বঙ্গবন্ধুর জন্ম না হলে বাংলাদেশের জন্ম হত না। ১৫ আগস্ট ব্যাক্তি মুজিবকে হত্য করা হয়নি একটি আদর্শকে হত্যা করার চেষ্টা করা হয়েছে”। বিশ্ববিদ্যালয়ের পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়ার সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে আলোচনায় অংশগ্রহণ করেন কুয়েটের সাবেক ভাইস-চ্যান্সেলর ও সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর, সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী, ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার। পাবলিক রিলেশনস অফিসার মনোজ কুমার মজুমদার’র সঞ্চালনায় অন্যান্যে মধ্যে বক্তৃতা করেন আইআইসিটি’র পরিচালক প্রফেসর ড. বাসুদেব চন্দ্র ঘোষ, শিক্ষক সমিতির সাবেক সভাপতি প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, ইউআরপি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ মোস্তফা সারোয়ার, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মোঃ ইকরামুল হক, শিক্ষক সমিতির সহ-সভাপতি প্রফেসর ড. পিন্টু চন্দ্র শীল, আইইএম বিভাগের বিভাগীয় প্রধান ড. আজিজুর রহমান, উপ-পরিচালক (ছাত্রকল্যাণ) ড. সজল কুমার অধিকারী, সহকারী পরিচালক (ছাত্র কল্যাণ) শাহরিয়ার রোমান, রেজিস্ট্রার জি এম শহিদুল আলম, অফিসার্স এসোসিয়েশনের সাধারণ সম্পাদক মোঃ মাহমুদুল হাসান, সেকশন অফিসার (গ্রেড-১) মোঃ আব্বাস আলী, বাংলাদেশ ছাত্রলীগ কুয়েট শাখার সভাপতি মোঃ আবুল হাসান শোভন, কর্মচারী সমিতির (৩য় শ্রেণী) সভাপতি মোঃ মামুনুর রশীদ জুয়েল, কর্মচারী সমিতি (৪র্থ শ্রেণী) মোঃ ইমরান আলী রনি, সোনালী বিনতে শরীফ, বঙ্গবন্ধু কর্মচারী পরিষদের মোঃ সাইফুল ইসলাম। আলোচনা সভার পূর্বে ১৯৭৫ সালের ১৫ আগস্ট নিহতদের প্রতি সম্মান জানিয়ে দাড়িয়ে এক মিনিট নিরবতা পালন করা হয়। এছাড়া, দুপুরে বঙ্গবন্ধু কর্মচারী পরিষদ ও কর্মচারী সমিতির (৪র্থ শ্রেণী) পক্ষ থেকে দোয়া ও খাবার বিতরণ কর্মসূচী পালন করা হয়। আসর বাদ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে দোয়া মাহ্ফিল অনুষ্ঠিত হয়।

## দুই দিনব্যাপি আইপিই উৎসব অনুষ্ঠিত




কুয়েটে আইইএম বিভাগের আয়োজনে ‘আইপিই ফেস্ট-২০১৮’ এর সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পুরস্কার বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট (আইইএম) বিভাগ কর্তৃক দুই দিনব্যাপি আইপিই উৎসব অনুষ্ঠিত হয়েছে। ৭ ডিসেম্বর শুক্রবার সকাল ৮ টায় র‌্যালী ও উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের এ্যাকটিং ভাইস-চ্যান্সেলর ও সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন পরিচালক (ছাত্র-কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইইএম বিভাগের বিভাগীয় প্রধান ও আইইএম এসোসিয়েশনের সভাপতি ড. আজিজুর রহমান। উৎসবের ১ম দিনে র‌্যালী ও উদ্বোধনী অনুষ্ঠান শেষে দিনব্যাপী প্যারালাল সেশনে কেস স্ট্যাডি, পোস্টার প্রেজেনন্টেশন, গেমিং কনটেষ্ট অনুষ্ঠিত হয় এবং ২য় দিনে ক্যাড কম্পিউটিশন, জব সেমিনার, পুরস্কার বিতরণী, সংস্কৃতিক সন্ধ্যা ও গ্র্যান্ড ডিনার অনুষ্ঠিত হয়। উৎসবের স্পন্সর ও পার্টনার হিসেবে ছিল ওয়ালন্টন গ্রুপ (হোম এ্যাপ্লায়েন্স), টিসিএমএল, এসবিএসি ব্যাংক, তাইপেই বাংলা, অন্যরকম, গিগাবাইট, আব্দুল মোনেম লিঃ, নিউজ ২৪ এবং কুয়েট রেডিও।

০৮ ডিসেম্বর শনিবার সন্ধ্যায় ফেস্টের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। আইইএম বিভাগের বিভাগীয় প্রধান ও আইইএম এসোসিয়েশনের সভাপতি ড. আজিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপ পরিচালক (ছাত্র-কল্যাণ) ড. ইসমাঈল সাইফুল্যাহ ও এসবিএসি ব্যাংক লিঃ এর সিনিয়র এক্সিকউটিভ অফিসার এস. এম. রবিউল আলম। দুই দিনব্যাপী ফেস্টে কুয়েটসহ দেশের ১৫ টি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের সাড়ে চার শতাধিক শিক্ষার্থী অংশগ্রহন করে।

## “বিশ্ববিদ্যালয়ের মান শিক্ষকদের মেধা ও গবেষনার উপর নির্ভর করে”

(০৪ পৃষ্ঠার পর) পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া। সেমিনারে রিসোর্স পার্সন কর্তৃক প্রেজেন্টেশন, গ্রুপ ওয়ার্ক, গ্রুপ ভিত্তিক প্রেজেন্টেশন, অংশগ্রহণকারীদের উন্মুক্ত আলোচনা, বিশেষজ্ঞ কর্তৃক প্রেজেন্টেশন অনুষ্ঠিত হয়। সেমিনারে বিশেষজ্ঞ হিসেবে প্রেজেন্টেশন প্রদান করেন ইনস্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি (আইআইসিটি) এর পরিচালক প্রফেসর ড. বাসুদেব চন্দ্র ঘোষ, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (এমই) বিভাগের প্রফেসর ড. মোঃ কুতুব উদ্দিন, ইনস্টিটিউট অব এনভাইরনমেন্ট এন্ড পাওয়ার টেকনোলজী (আইইপিটি) এর পরিচালক প্রফেসর ড. এ এন এম মিজানুর রহমান, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের (সিএসই) প্রফেসর ড. এম এম এ হাসেম, ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগের প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম (১), আরবান এন্ড রিজিওনাল প্লানিং (ইউআরপি) বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোস্তফা সারোয়ার, সিভিল ইঞ্জিনিয়ারিং (সিই) বিভাগের প্রফেসর ড. কাজী এবিএম মহিউদ্দিন। রিসোর্স পার্সন হিসেবে প্রেজেন্টেশন প্রদান করেন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের প্রফেসর ড. কে এম আজহারুল হাসান, ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগের প্রফেসর ড. মোঃ শাহজাহান, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (এমই) বিভাগের প্রফেসর ড. মোহাম্মদ আরিফুল ইসলাম, ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইসিই) বিভাগের প্রফেসর ড. এ বি এম আওলাদ হোসেন, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট (আইইএম) বিভাগের ড. আজিজুর রহমান, আরবান এন্ড রিজিওনাল (ইউআরপি) বিভাগের মোঃ এস্রাজ উল জান্নাত, পদার্থ বিজ্ঞান বিভাগের মোঃ আলমগীর হোসেন, সিভিল ইঞ্জিনিয়ারিং (সিই) বিভাগের মোঃ খালেকুজ্জামান, বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়রিং (বিএমই) বিভাগের ডাঃ নাসরিন আক্তার, মানবিক বিভাগের আবু হেনা মোস্তফা কামাল। অনুষ্ঠানের শেষ পর্বে “কুয়েট ইনফরমেশন বুকলেট’ এর মোড়ক উন্মেচন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকমন্ডলী অংশগ্রহণ করেন।

# ভাইস-চ্যান্সেলরের সাথে ব্রিটিশ কাউন্সিলের কর্মকর্তাবৃন্দের সৌজন্য স্বাক্ষাত



কুয়েটের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য স্বাক্ষাত করেন ব্রিটিশ কাউন্সিলের কর্মকর্তাবৃন্দ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য স্বাক্ষাত করেছেন ব্রিটিশ কাউন্সিলের এক্সামিনেশন সার্ভিসেস্ এর হেড অব বিজনেস ডেভেলপমেন্ট সারওয়াত মাসুদা রেজা এবং আইইএলটিএস এক্সামিনেশানস্ সার্ভিসেস্ ম্যানেজার ইশরাত জাহান। ২৬ জুলাই বৃহস্পতিবার কুয়েটের ভাইস-চ্যান্সেলর এর কার্যালয়ে এ সৌজন্য স্বাক্ষাত অনুষ্ঠিত হয়। এসময় ব্রিটিশ কাউন্সিলের কর্মকর্তাবৃন্দ কুয়েটের শিক্ষার্থীদের ভূয়সী প্রশংসা করেন এবং ইংরেজী চর্চায় ব্রিটিশ কাউন্সিলের সর্বাত্মক সহযোগিতার আশ্বাস দেন।

# কৃতিত্বপূর্ণ ফলাফলের জন্য প্রধানমন্ত্রী স্বর্ণপদক ২০১৭ পেলেন কুয়েটের তিন শিক্ষার্থী



প্রধানমন্ত্রী স্বর্ণপদক ২০১৭ প্রাপ্ত কুয়েটের শিক্ষার্থীদের সঙ্গে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

কৃতিত্বপূর্ণ ফলাফলের জন্য প্রধানমন্ত্রী স্বর্ণপদক ২০১৭ পেলেন কুয়েটের তিন শিক্ষার্থী। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) উদ্যোগে ২৫ জুলাই বুধবার দুপুরে প্রধানমন্ত্রীর কার্যালয়ের শাপলা হলে এ স্বর্ণপদক দেওয়া হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা আনুষ্ঠানিকভাবে অন্যান্যদের সঙ্গে কুয়েটের তিন শিক্ষার্থীকে স্বর্ণপদক পরিয়ে দেন। স্বর্ণপদকপ্রাপ্ত শিক্ষার্থীরা কুয়েটের ২০১২ ব্যাচের শিক্ষার্থী বর্তমানে সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রভাষক মেহেদী হাসান, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রভাষক শেখ আকিব শাহরিয়ার এবং মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রভাষক মোঃ শরিফুল ইসলাম। প্রধানমন্ত্রী স্বর্ণপদক বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কুয়েট মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। তিঁনি প্রধানমন্ত্রী স্বর্ণপদকপ্রাপ্ত কুয়েটের তিন শিক্ষার্থীকে আন্তরিক অভিনন্দন জানান এবং এ ধরনের উদ্যোগের জন্য মাননীয় প্রধানমন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় ও ইউজিসিকে ধন্যবাদ জানান। উল্লেখ্য, নিজ নিজ অনুষদে সর্বোচ্চ নম্বর বা সিজিপিএ অর্জনের জন্য দেশের পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের মোট ১৬৩ জন মেধাবী শিক্ষার্থীকে এ পদক প্রদান করা হলো। অপরদিকে, প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে সরাসরি সম্প্রচারিত স্বর্ণপদক প্রদান অনুষ্ঠানটি বিটিভির মাধ্যমে সম্প্রচারিত করা হলে কুয়েট ক্যাম্পাসস্থ স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে বড় পর্দায় বিশ্ববিদ্যালয়ের সকলের উপভোগ করেন।

## সড়ক দূর্ঘটনায় চিকিৎসাধীন টিই বিভাগের প্রভাষক আয়শা সিদ্দিকা'র স্বামীর

# চিকিৎসার জন্য কুয়েট শিক্ষক সমিতির সহযোগিতা প্রদান



কুয়েটের টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রভাষক আয়শা সিদ্দিকা'র স্বামীর চিকিৎসায় কুয়েট শিক্ষক সমিতির উদ্যোগে শিক্ষকদের একদিনের বেতনের সমপরিমাণ অর্থের চেক হস্তান্তর করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

সড়ক দূর্ঘটনায় চিকিৎসাধীন খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রভাষক আয়শা সিদ্দিকার স্বামী'র চিকিৎসার জন্য কুয়েট শিক্ষক সমিতির উদ্যোগে প্রত্যেক শিক্ষকের একদিনের বেতনের সমপরিমাণ অর্থের চেক হস্তান্তর করা হয়েছে। ৩০ জুলাই সোমবার বিকাল ৪ টায় ভাইস-চ্যান্সেলর এর কার্যালয়ে চেক হস্তান্তরকালীন সময়ে উপস্থিত ছিলেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. সোবহান মিয়া, সহ-সভাপতি প্রফেসর ড. পিন্টু চন্দ্র শীল, সাধারণ সম্পাদক মোঃ ইকরামুল হক, কোষাধ্যক্ষ মোঃ মাহবুবুর রহমান, প্রচার ও সমাজ কল্যাণ সম্পাদক শাহরিয়ার রোমান, সদস্য প্রফেসর ড. মোঃ মোস্তফা সারোয়ার, ড. আজিজুর রহমান প্রমূখ।

# "প্রকৌশলীদের হাত ধরেই বাংলাদেশ এগিয়ে যাচ্ছে"

(শেষ পৃষ্ঠার পর) প্রফেসর আবদুল মান্নান বলেন, "সরকার প্রকৌশল, প্রযুক্তি ও ভোকেশনাল শিক্ষার উপর গুরুত্ব প্রদান করেছে, প্রকৌশলীদের হাত ধরেই বাংলাদেশ এগিয়ে যাচ্ছে। আমাদেরকে লক্ষ্য নির্ধারণ করতে হবে এবং এদেশের মূল্যবান সম্পদ মেধাবী তরুণ প্রজন্মকে সাথে নিয়ে বঙ্গবন্ধুর কাঙ্খিত বাংলাদেশ গড়ে তুলতে হবে"। প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন বলেন, "নতুন নতুন উদ ্ভাবনের জন্য গবেষণার কোন বিকল্প নেই। নতুন নতুন জ্ঞানের উদ্ভাবন ও বৃদ্ধির জন্য এ ধরনের কনফারেন্স খুবই গুরুত্বপূর্ণ। এ প্রতিষ্ঠানকে একটি গবেষণাধর্মী বিশ্ববিদ্যালয় হিসেবে গড়ে তুলতে আমরা কাজ করে যাচ্ছি"। সম্মেলন অর্গানাইজিং কমিটির চেয়ারম্যান প্রফেসর ড. মিহির রঞ্জন হালদারের সভাপতিত্বে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তৃতা করেন সম্মেলন অর্গানাইজিং কমিটির সচিব ও কুয়েটের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মোঃ সাহিদুল ইসলাম। উদ্বোধনী অনুষ্ঠান শেষে কীনোট সেশনে পেপার উপস্থাপন করেন উইসিটা স্টেট ইউনিভার্সিটি ইউএসএ'র কলেজ অব ইঞ্জিনিয়ারিং এর মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মুহাম্মাদ মুস্তাফিজুর রহমান এবং অস্ট্রেলিয়ার মেলবোর্নের আরএমআইটি ইউনিভার্সিটির মেকানিক্যাল এন্ড ম্যানুফ্যাকচারিং ইঞ্জিনিয়ারিং এর স্কুল অব অ্যারোস্পেস'র প্রফেসর ড. ফিরোজ আলম। ভারত, চীন, কানাডা, সৌদি আরব, অষ্ট্রেলিয়া, জাপান, যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্রসহ বিভিন্ন দেশ ও বাংলাদেশের প্রায় দুইশতাধিক খ্যাতনামা গবেষক ও প্রকৌশলীগণ দুই দিনব্যাপী এই কনফারেন্সে ১২৪ টি টেকনিক্যাল পেপার উপস্থাপন করবেন। সম্মেলনে মোট ২টি কীনোট সেশন ও ১৬টি প্যারালাল সেশনে মেকানিক্যাল, ইন্ডাস্ট্রিয়াল, এনার্জি ইঞ্জিনিয়ারিং, লেদার, টেক্সটাইল, কেমিক্যাল ও মেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং এর বিভিন্ন বিষয়ের উপর দেশে-বিদেশের স্বনামধন্য গবেষক ও প্রকৌশলীগণ কর্তৃক তাঁদের গবেষণা পেপার উপস্থাপিত হবে।

# সংসদ সদস্য এস এম মোস্তফা রশীদি সুজার মৃত্যুতে কুয়েট ভাইস-চ্যান্সেলরের গভীর শোক প্রকাশ

মহান জাতীয় সংসদের খুলনা-৪ আসনের মাননীয় সংসদ সদস্য, সাবেক হুইপ, প্রবীণ রাজনীতিবীদ এস এম মোস্তফা রশীদি সুজার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। শোক বিবৃতিতে কুয়েট ভিসি বলেন, এস এম মোস্তফা রশীদি সুজার মৃত্যুতে দেশ একজন বরেণ্য রাজনীতিবীদ, বিচক্ষণ ও দূরদৃষ্টিসম্পন্ন ব্যক্তিত্ব হারালো। তাঁর অব্যাহত কর্মপ্রয়াস ও দায়িত্ব পালন সকলের জন্য অনুকরণীয় হয়ে থাকবে। কুয়েট ভাইস-চ্যান্সেলর মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং শোক-সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

## ভাইস-চ্যান্সেলরের সাথে সৌজন্য সাক্ষাৎ করেছেন ভারতীয় সহকারী হাই কমিশনার



কুয়েটের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এর সাথে সৌজন্য সাক্ষাত করেন বাংলাদেশে ভারতীয় সহকারী হাইকমিশনের খুলনাস্থ সহকারী হাই কমিশনার রাজেশ কুমার রাইনা।

বাংলাদেশে ভারতীয় সহকারী হাইকমিশনের খুলনাস্থ সহকারী হাই কমিশনার রাজেশ কুমার রাইনা খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এর সাথে ২৬ সেপ্টেম্বর বুধবার সকাল সাড়ে ১০টায় ভাইস-চ্যান্সেলরের কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন। সহকারী হাইকমিশনার ফুল দিয়ে ভাইস-চ্যান্সেলরকে আন্তরিক শুভেচ্ছা জানান। স্বাক্ষাতকালীণ সময়ে উচ্চশিক্ষা, গবেষণা, সাহিত্য, সাংস্কৃতিক ও উন্নয়ন কর্মকান্ডসহ খুলনা থেকে ভারতে যাতায়াত এবং কুয়েটের সঙ্গে ভারতের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের যৌথ শিক্ষা গবেষণা ও একাডেমিক এক্সচেঞ্জ প্রোগ্রাম নিয়ে আলোচনা হয়। এসময় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার জি, এম, শহিদুল আলম উপস্থিত ছিলেন।

## ভাইস-চ্যান্সেলরের সাথে ইউএসএইড এর প্রতিনিধি দলের সৌজন্য সাক্ষাৎ



কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে ইউএসএইড এর প্রতিনিধি দল সৌজন্য স্বাক্ষাত করেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেছেন ইউএসএইড এর একটি প্রতিনিধি দল। ১১ জুলাই সকাল ১০টায় ইউএসএইড ফিড দি ফিউচার এশিয়া ইনোভেটিভ ফার্মার্স প্রজেক্টের কান্ট্রি ডিরেক্টর প্রকৌশলী মাকসুদুর রহমান এবং সিনিয়র প্রোগ্রাম অফিসার আবু সালেহ মুহাম্মদ সাইফুল্লাহ ভাইস-চ্যান্সেলরের সাথে তাঁর কার্যালয়ে স্বাক্ষাত করেন। এসময় ইউআরপি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ মোস্তফা সারোয়ার ও পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রফেসর ড. কাজী এ বি এম মহিউদ্দিন উপস্থিত ছিলেন। সাক্ষাৎকালে পাবলিক ও প্রাইভেট প্রতিষ্ঠানের সমন্বয়ে কুয়েটে গঠিত "ইনোভেশন এন্ড ইনোভেটর সেল"(আইআইসি) এর কার্যক্রম নিয়ে আলোচনা হয়। বিজ্ঞান, প্রযুক্তি ও নতুন নতুন আবিস্কার, প্রযুক্তি বিনিময় ও ইনোভেশন ম্যানেজমেন্ট, মেধা উন্নয়ন, সংরক্ষণ, উদ্ভাবিত প্রযুক্তির বানিজ্যিক ব্যবহার, বিশ্বায়ণ এবং দেশে-বিদেশে এর ব্যবহারের উদ্দেশ্য নিয়ে গঠিত এই সেলকে এগিয়ে নিতে উভয় পক্ষ সম্মতি জ্ঞাপন করেন এবং একসাথে কাজ করার আশা প্রকাশ করেন।

## ভাইস-চ্যান্সেলরের সাথে ভারতীয় সহকারী হাই কমিশনারের সৌজন্য সাক্ষাৎ



বাংলাদেশে ভারতীয় সহকারী হাইকমিশনের খুলনাস্থ সহকারী হাই কমিশনার রাজেশ কুমার রাইনা কুয়েটের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য স্বাক্ষাত করেন।

বাংলাদেশে ভারতীয় সহকারী হাইকমিশনের খুলনাস্থ সহকারী হাই কমিশনার রাজেশ কুমার রাইনা খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে ১১ জুলাই বেলা ১২ টায় ভাইস-চ্যান্সেলরের কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন। সহকারী হাইকমিশনার ফুল দিয়ে ভাইস-চ্যান্সেলরকে আন্তরিক শুভেচ্ছা জানান। সাক্ষাৎকালে উচ্চশিক্ষা, গবেষণা, সাহিত্য, সাংস্কৃতিক ও উন্নয়ন কর্মকান্ডসহ খুলনা থেকে ভারতে যাতায়াত এবং কুয়েটের সঙ্গে ভারতের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের যৌথ শিক্ষা গবেষণা ও একাডেমিক এক্সচেঞ্জ প্রোগ্রাম নিয়ে আলোচনা হয়। কুয়েট ভাইস-চ্যান্সেলর ভারতীয় সহকারী হাই কমিশনারকে বিশ্ববিদ্যালয়ে স্বাগত জানিয়ে বলেন, উচ্চশিক্ষা ও গবেষণার ক্ষেত্রে কুয়েট একটি অনন্য প্রতিষ্ঠান। কুয়েট বিশ্বের বিভিন্ন উন্নত বিশ্ববিদ্যালয়ের সাথে যৌথভাবে (০৭ পৃষ্ঠায় দেখুন)

## নবনিযুক্ত ভাইস-চ্যান্সেলরের সাথে অফিসার্স এসোসিয়েশনের সৌজন্য স্বাক্ষাত



কুয়েটের নবনিযুক্ত ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এর সাথে সৌজন্য স্বাক্ষাত করেন বিশ্ববিদ্যালয়ের অফিসার্স এসোসিয়েশন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) নবনিযুক্ত মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এর সাথে সৌজন্য স্বাক্ষাত করেছেন বিশ্ববিদ্যালয়ের অফিসার্স এসোসিয়েশন। এসময় অফিসার্স এসোসিয়েশনের সহ-সভাপতি শিকদার মোঃ সাইফুল ইসলাম, সাধারণ সম্পাদক প্রকৌঃ মোঃ মাহমুদুল হাসান, সহ-সাধারণ সম্পাদক মোঃ আব্বাস আলী, সাংগঠনিক সম্পাদক শেখ ওমর ফারুক, ট্রেজারার প্রকৌঃ প্রদীপ কুমার দাশ, ক্রীড়া, সাংস্কৃতিক ও সমাজ কল্যাণ সম্পাদক মনোজ কুমার মজুমদার, দপ্তর ও প্রচার সম্পাদক শাহ্ মোঃ শহীদুল ইসলাম, সদস্য প্রকৌঃ মোঃ আনিছুর রহমান ভূঞা, ড. মোঃ জুলফিকার হোসেন ও প্রকৌঃ টুম্পা রানী রায় এবং উপদেষ্টা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার জি এম শহিদুল আলম, প্রধান প্রকৌশলী এ বি এম মামুনুর রশিদ ও নির্বাহী প্রকৌশলী হুসাইন মুহাম্মদ এরশাদসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। এ সময় ভাইস-চ্যান্সেলরের সাথে কুয়েট অফিসার্স এসোসিয়েশনের নেতৃবৃন্দের সংগঠনের বিভিন্ন বিষয় নিয়ে সৌহার্দ্যপূর্ণ আলোচনা অনুষ্ঠিত হয় এবং অফিসার্স এসোসিয়েশনকে সর্বাত্মক সহযোগিতার আশ্বাস দেন।

## "লাইব্রেরী ম্যানেজমেন্ট সিস্টেম এন্ড ন্যাশনাল ওয়ার্কশপ অন আইআর এন্ড আরএফআইডি ইমপ্লিমেন্টেশন অব সেন্ট্রাল লাইব্রেরী" অনুষ্ঠিত



কুয়েটে "লাইব্রেরী মেনেজমেন্ট সিস্টেম এন্ড ন্যাশনাল ওয়ার্কশপ অন আইআর এন্ড আরএফআইডি ইমপ্লিমেনশন অব সেন্ট্রাল লাইব্রেরী" এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েটে) "লাইব্রেরী ম্যানেজমেন্ট সিস্টেম এন্ড ন্যাশনাল ওয়ার্কশপ অন আইআর এন্ড আরএফআইডি ইমপ্লিমেন্টেশন অব সেন্ট্রাল লাইব্রেরী" শীর্ষক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) এর হায়ার এডুকেশন কোয়ালিটি এনহেন্সমেন্ট প্রোজেক্ট (হেকেপ) এর লাইব্রেরী সিস্টেম অটোমেশন অব কুয়েট (সিপিএসএফ-৪৩৫) এ ওয়ার্কশপের আয়োজন করে। ২১ জুলাই সকাল ৯ টায় ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। বিশেষ অতিথি ছিলেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী, ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার এবং কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. কে এম আজহারুল হাসান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন লাইব্রেরীয়ান ও সিপিএসএফ-৪৩৫ এর সাব-প্রজেক্ট ম্যানেজার মোঃ আক্কাছ উদ্দিন পাঠান। ওয়ার্কশপে ৮ জন রিসোর্স পার্সন এবং কুয়েটসহ দেশের ১৬ টি সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ৩৩ জন লাইব্রেরী ও ইনফরমেশন টেকনোলজী সংশ্লিষ্ট কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।

## "বঙ্গবন্ধু স্কয়ার" উদ্বোধন



কুয়েটে "বঙ্গবন্ধু স্কয়ার" এর শুভ উদ্বোধন শেষে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা শিক্ষার্থী ও কর্মচারীদের মাঝে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েটে) "বঙ্গবন্ধু স্কয়ার" এর শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। ০২ আগস্ট বৃহস্পতিবার রাতে অডিটরিয়াম ভবনের সামনে ফলক উন্মোচনের মাধ্যমে "বঙ্গবন্ধু স্কয়ার" এর উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এ সময় কুয়েট ভিসি তাঁর অনুভূতি ব্যক্ত করে বলেন, স্বাধীন বাংলাদেশের স্থাপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বিশেষ নির্দেশনায় ১৯৭৪ সালে এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম শুরু হয়েছিল। এ বিশ্ববিদ্যালয়ে "বঙ্গবন্ধু স্কয়ার" নির্মাণের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে তার প্রতি কৃতজ্ঞতা ও শ্রদ্ধা জ্ঞাপন করা হলো। এসময় "বঙ্গবন্ধু স্কয়ার" এর স্থপতি খুলনা বিশ্ববিদ্যালয়ের ভাস্কর্য ডিসিপ্লিনের সহকারী অধ্যাপক মোঃ শেখ সাদী ভূইয়া এই ভাস্কর্যের নির্মাণ শৈলী প্রসঙ্গে বক্তৃতা করেন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

## মন্দির নির্মাণ কাজের শুভ উদ্বোধন



কুয়েটে "বিশ্ববিদ্যালয় মন্দির" এর নির্মাণ কাজের ভিত্তি প্রস্তর স্থাপন করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যায়ে (কুয়েটে) মন্দির এর নির্মাণ কাজের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। ০২ আগস্ট বৃহস্পতিবার বিকাল ৪ টায় স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারের দক্ষিণ দিকে ভিত্তি প্রস্তর স্থাপনের মাধ্যমে কুয়েট মন্দির নির্মাণ কাজের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। অনুষ্ঠানে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার, আইআইসিটি এর পরিচালক প্রফেসর ড. বাসুদেব চন্দ্র ঘোষ, পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া, নর্থ ওয়েস্টার্ন ইউনিভার্সিটির ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. তারাপদ ভৌমিক, বিইসিএম বিভাগের প্রভাষক ও মন্দিরের ডিজাইনার মোঃ শাহরিয়ার হোসাইন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ড. মোঃ জুলফিকার হোসেন বক্তব্য রাখেন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীগণ উপস্থিত ছিলেন।

## "লিডারশীপ ফর ২০৪১ঃ হাউ টু প্রিপেয়ার মাইসেল্ফ?" শীর্ষক আলোচনা অনুষ্ঠিত



কুয়েটে "লিডারশীপ ফর ২০৪১ঃ হাউ টু প্রিপেয়ার মাইসেল্ফ?" শীর্ষক সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) "লিডারশীপ ফর ২০৪১ঃ হাউ টু প্রিপেয়ার মাইসেল্ফ?" শীর্ষক আলোচনা অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংগঠনের নের্তৃবৃন্দের অংশগ্রহনে ২৯ জুলাই রবিবার বিকাল সাড়ে ৫ টায় বিশ্ববিদ্যালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে স্পীকার হিসেবে উপস্থিত ছিলেন সেন্টার ফর ডেভেলপিং ম্যানেজমেন্ট এক্সিলেন্স এর প্রতিষ্ঠাতা এসএএম শওকত হোসেন।

## হাউ টু ইউজ ই-রিসোর্সেস এন্ড আরএফআইডি সিস্টেম ফর ফ্যাকাল্টিজ

(০৬ পৃষ্ঠার পর) বক্তৃতায় বলেন, সীমিত সম্পদের সঠিক ব্যবহার করে আমাদেরকে সামনের দিকে এগিয়ে যেতে হবে। বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো ও শিক্ষা কার্যক্রম সম্প্রসারণের উন্নয়ন প্রকল্পটি অনুমোদিত হলে আমাদের সমস্যার অনেক সমাধান হবে। সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী, ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ, সাবেক ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. কে এম আজহারুল হাসান। অনুষ্ঠানে স্বাগত বক্তৃতা করেন লাইব্রেরীয়ান ও সিপিএসএফ-৪৩৫ এর সাব-প্রজেক্ট ম্যানেজার মোঃ আক্কাছ উদ্দিন পাঠান। সেমিনারে রিসোর্স পার্সন হিসাবে টেকনিক্যাল সেশন পরিচালনা করেনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন সায়েন্স এন্ড লাইব্রেরী ম্যানেজমেন্ট বিভাগের প্রফেসর ড. এস, এম, জাবেদ আহমেদ, ব্রাক ইউনিভার্সিটির আয়েশা আবেদ লাইব্রেরীর ইউনিভার্সিটি লাইব্রেরীয়ান মোসাঃ হাসিনা আফরোজ এবং মেসার্স ইলেকট্রোহোম এর ম্যানেজিং ডাইরেক্টর মোঃ ইলিয়াস মোল্লা।

## “কুয়েট- এ ব্রান্ড নেম ইন হায়ার এডুকেশন” শীর্ষক সংবাদ সম্মেলন অনুষ্ঠিত



“কুয়েট- এ ব্রান্ড নেম ইন হায়ার এডুকেশন” শীর্ষক সংবাদ সম্মেলনে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে(কুয়েট) “কুয়েট- এ ব্রান্ড নেম ইন হায়ার এডুকেশন” শীর্ষক সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। ০২ আগস্ট বৃহস্পতিবার সকাল সাড়ে ১১ টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সভাকক্ষে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে খুলনায় কর্মরত বিভিন্ন ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন এবং সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এসময় বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার, ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক, ইনস্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি এর পরিচালক প্রফেসর ড. বাসুদেব চন্দ্র ঘোষ, ইনস্টিটিউট অব এনভাইরনমেন্ট এন্ড পাওয়ার টেকনোলজী এর পরিচালক প্রফেসর ড. এ এন এম মিজানুর রহমান, পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া ও রেজিস্ট্রার জি এম শহিদুল আলম উপস্থিত ছিলেন। সংবাদ সম্মেলনে কুয়েট ভাইস-চ্যান্সেলর বলেন, “১৯৭৪ সালে তিনটি বিভাগ, ১২০ জন স্নাতক ছাত্র ও ১ জন ছাত্রী নিয়ে যাত্রা শুরু করা এই বিদ্যাপীঠে ২০১০ সালের ২১ জুলাই ভাইস-চ্যান্সেলর হিসেবে দায়িত্ব গ্রহণকালীণ সময়ে ১২ টি বিভাগে ২২৭৯ জন স্নাতক (০২ পৃষ্ঠায় দেখুন)

## “আমার স্বপ্নের কুয়েট-কত কাছে?” শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত



কুয়েটে শিক্ষার্থীদের অংশগ্রহণে “আমার স্বপ্নের কুয়েট-কত কাছে?” শীর্ষক সেমিনার শেষে শিক্ষার্থীদের মাঝে মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) “আমার স্বপ্নের কুয়েট-কত কাছে?” শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহনে ০২ আগস্ট বৃহস্পতিবার বিকাল সাড়ে ৫ টায় বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে সভাটি অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়ার পরিচালনায় সভায় বক্তৃতা করেন ইউআরপি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ মোস্তফা সারোয়ার, উপ-পরিচালক (ছাত্র কল্যাণ) ড. সজল কুমার অধিকারী, সহকারী পরিচালক (ছাত্র কল্যাণ) শাহরিয়ার রোমান, বাংলাদেশ ছাত্রলীগ কুয়েট শাখার সভাপতি মোঃ আবুল হোসেন শোভন ও সাধারণ সম্পাদক সাদমান নাহিয়ান সেজানসহ বিভিন্ন বিভাগ ও ব্যাচের শিক্ষার্থীরা।

## “বিশ্ববিদ্যালয়কে স্বপ্নের উচ্চতায় নিয়ে যেতে আমাদের ভূমিকা” শীর্ষক আলোচনা অনুষ্ঠিত



কুয়েটে “বিশ্ববিদ্যালয়কে স্বপ্নের উচ্চতায় নিয়ে যেতে আমাদের ভূমিকা” শীর্ষক আলোচনা শেষে অনুষ্ঠানের সভাপতি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে অংশগ্রহণকারী আউটসোর্সিং ও দৈনিক মজুরী ভিত্তিক কর্মচারীবৃন্দ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) “বিশ্ববিদ্যালয়কে স্বপ্নের উচ্চতায় নিয়ে যেতে আমাদের ভূমিকা” শীর্ষক আলোচনা অনুষ্ঠিত হয়েছে। ২৯ জুলাই রবিবার দুপুর ১ টায় বিশ্ববিদ্যালয়ের গেস্ট হাউজে অনুষ্ঠিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। কুয়েট ভাইস-চ্যান্সেলর তাঁর বক্তৃতায় বলেন, সকলের ঐকান্তিক প্রচেষ্টায় একটি প্রতিষ্ঠানের উন্নতি সাধিত হয়। প্রতিষ্ঠানে কোন ব্যক্তির ভূমিকা ছোট করে দেখার সুযোগ নেই। আমাদের প্রত্যেককে নিজের অবস্থান থেকে বিশ্ববিদ্যালয়কে সর্বোচ্চ সেবা প্রদান করতে হবে। কুয়েট ভাইস-চ্যান্সেলর গত আট বছর ধরে সহযোগিতার জন্য সকলকে ধন্যবাদ জানান। পাবলিক রিলেশনস অফিসার মনোজ কুমার মজুমদার এর সঞ্চালনায় অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার জি এম শহিদুল আলম। অনুষ্ঠানে মাস্টাররোল কর্মচারী সমিতির সভাপতি মোঃ শফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক মোঃ বাবুল ফকির, অমর একুশে হলের মোঃ মোতালেব হোসেন, নিরাপত্তা শাখার শহিন শেখ এবং প্রাইড সিকিউরিটি গার্ডের মোঃ সুমন সরদার আলোচনায় অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে কুয়েটের সকল আউটসোর্সিং ও দৈনিক মজুরী ভিত্তিক কর্মচারীগণ অংশগ্রহণ করেন।

## “প্রত্যেককে তার উপর অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালন করতে হবে”

-কুয়েট ভাইস-চ্যান্সেলর



কুয়েটে “বিশ্ববিদ্যালয়কে স্বপ্নের উচ্চতায় নিয়ে যেতে আমাদের ভূমিকা” শীর্ষক আলোচনা শেষে ৩য় ও ৪র্থ শ্রেণী কর্মচারীদের সাথে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) “বিশ্ববিদ্যালয়কে স্বপ্নের উচ্চতায় নিয়ে যেতে আমাদের ভূমিকা” শীর্ষক আলোচনা অনুষ্ঠিত হয়েছে। ৩০ জুলাই সোমবার দুপুর ০১ টায় বিশ্ববিদ্যালয়ের গেস্ট হাউজে অনুষ্ঠিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। কুয়েট ভাইস-চ্যান্সেলর তাঁর বক্তৃতায় বলেন, প্রত্যেককে তার উপর অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালন করতে হবে। প্রতিষ্ঠানে সকলের ভূমিকাই গুরুতপূর্ণ। কুয়েট ভাইস-চ্যান্সেলর গত আট বছর ধরে সহযোগিতার জন্য সকলকে ধন্যবাদ জানান। পাবলিক রিলেশনস অফিসার মনোজ কুমার মজুমদার এর সঞ্চালনায় অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার জি এম শহিদুল আলম। অনুষ্ঠানে ৩য় শ্রেণী কর্মচারী সমিতির সভাপতি মোঃ মামুনুর রশীদ জুয়েল, সুরুজ্জামান হানিফ, মোঃ ইমরুল ইসলাম, আবুল কালাম, ৪র্থ শ্রেণী সাধারণ সম্পাদক মোঃ ইমরান আলী, আসাদ মোড়ল, আহসান হাবিব সুমন আলোচনায় অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে কুয়েটের ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীগণ অংশগ্রহণ করেন।

“২০৩০ সালের মধ্যে বিশ্ববিদ্যালয়কে স্বপ্নের কোন উচ্চতায় দেখতে চাই” শীর্ষক আলোচনা অনুষ্ঠিত

## “কুয়েট আগামীতে আন্তর্জাতিকমানের বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত হবে”

- ভাইস-চ্যান্সেলর



কুয়েটে “২০৩০ সালের মধ্যে বিশ্ববিদ্যালয়কে স্বপ্নের কোন উচ্চতায় দেখতে চাই” শীর্ষক আলোচনা সভায় সভাপতিত্ব করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) “২০৩০ সালের মধ্যে বিশ্ববিদ্যালয়কে স্বপ্নের কোন উচ্চতায় দেখতে চাই” শীর্ষক আলোচনা অনুষ্ঠিত হয়েছে। ৩১ জুলাই সোমবার দুপুর সাড়ে ১২ টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সভাকক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। কুয়েট ভাইস-চ্যান্সেলর তাঁর বক্তৃতায় বলেন, প্রত্যেককে তার উপর অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালন করছেন এবং সকলের ঐকান্তিক প্রচেষ্টায় উচ্চশিক্ষা ও গবেষণায় কুয়েট এখন অগ্রগামী। কুয়েট আগামীতে আন্তর্জাতিকমানের বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত হবে এবং উচ্চশিক্ষা ও গবেষণায় কুয়েটে রোল মডেল হবে। কুয়েট ভাইস-চ্যান্সেলর গত আট বছর ধরে সহযোগিতার জন্য সকলকে ধন্যবাদ জানান। পাবলিক রিলেশনস অফিসার মনোজ কুমার মজুমদার এর সঞ্চালনায় অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার জি এম শহিদুল আলম, অতিরিক্ত কম্পট্রোলার মোঃ মনিরুল হক খান, পরীক্ষা নিয়ন্ত্রক মোঃ তৈয়েবুর রহমান, লাইব্রেরীয়ান মোঃ আক্কাছ উদ্দিন পাঠান, প্রধান প্রকৌশলী এ বি এম মামুনুর রশীদ, অফিসার্স এসোসিয়েশনের সাধারণ সম্পাদক মোঃ মাহমুদুর রহমান, নির্বাহী প্রকৌশলী হুসাইন মুহাম্মদ এরশাদ, সহকারী পরিচালক মোঃ হেলাল ফকির এবং এ প্রতিষ্ঠানের ধারাবাহিক বিবর্তন এবং উন্নয়ন বিষয়ে প্রেজেন্টেশন প্রদান করেন তত্ত্বাবধায়ক প্রকৌশলী ড. মোঃ জুলফিকার হোসেন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।

## “ওয়ার্কশপ অন সোলার পিভি প্যানেল” অনুষ্ঠিত



কুয়েটে “ওয়ার্কশপ অন সোলার পিভি প্যানেল” শীর্ষক কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) “ওয়ার্কশপ অন সোলার পিভি প্যানেল” শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ২৩ জুলাই সোমবার পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) কার্যালয়ের আয়োজনে দিনব্যাপী ওয়ার্কশপটি বিশ্ববিদ্যালয়ের ডিস্টেন্স লারনিং থিয়েটারে অনুষ্ঠিত হয়। সকাল ৯টায় কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এবং সভাপতিত্ব করেন পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রফেসর ড. কাজী এ বি এম মহীউদ্দিন। ‘সোলার এনার্জীঃ কনটেক্স এন্ড ডিজাইন’ এবং ‘ইমপ্লিমেন্টেশন অফ সোলার পিভি প্যানেল’ শীর্ষক টেকনিক্যাল সেশন পরিচালনা করেন প্রকৌশলী আহমেদ তৌফিক। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## বিভিন্ন বিভাগ/দপ্তরে নতুন শিক্ষক/কর্মকর্তার দায়িত্ব গ্রহণ/যোগদান

(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

### ইইই অনুষদের ডীন হিসাবে প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগের প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ গত ১৪ আগস্ট ২০১৮ ইং তারিখে ইইই অনুষদের ডীন হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### পরিচালক (ছাত্র কল্যাণ) হিসেবে প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের পদার্থ বিজ্ঞান বিভাগের প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার অত্র বিশ্ববিদ্যালয়ের পরিচালক (ছাত্র কল্যাণ) হিসেবে গত ০১ ডিসেম্বর ২০১৮ ইং তারিখ দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### পরিচালক (আইকিউএসি) হিসেবে প্রফেসর ড. কে এম আজহারুল হাসান এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. কে এম আজহারুল হাসান অত্র বিশ্ববিদ্যালয়ের পরিচালক (আইকিউএসি) হিসেবে গত ০১ ডিসেম্বর ২০১৮ ইং তারিখ দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### উপ-পরিচালক (ছাত্র কল্যাণ) হিসেবে ড. ইসমাঈল সাইফুল্যাহ এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক ড. ইসমাঈল সাইফুল্যাহ অত্র বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপ-পরিচালক (ছাত্র কল্যাণ) হিসেবে গত ০১ ডিসেম্বর ২০১৮ ইং তারিখ দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### সহকারী পরিচালক (ছাত্র কল্যাণ) হিসেবে জনাব শাহরিয়ার রোমান এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের মানবিক বিভাগের সহকারী অধ্যাপক জনাব শাহরিয়ার রোমান অত্র বিশ্ববিদ্যালয়ের সহকারী পরিচালক (ছাত্র কল্যাণ) হিসেবে গত ২৬ জুলাই ২০১৮ ইং তারিখ দায়িত্ব গ্রহণ করেছেন।

### ইইই বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম (২) এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগের প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম (২) গত ৩১ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইইই বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

## বিএমই বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে ড. মুহাম্মদ মঈনুল ইসলাম এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং (বিএমই) বিভাগের সহকারী অধ্যাপক ড. মুহাম্মদ মঈনুল ইসলাম গত ০২ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের বিএমই বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন।

## টিই বিভাগে বিভাগীয় প্রধান হিসেবে ফারহানা মমতাজ এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং (টিই) বিভাগের সহকারী অধ্যাপক ফারহানা মমতাজ গত ০২ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের টিই বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন।

## কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার গত ০১ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

## মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে প্রফেসর ড. সোবহান মিয়া এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. সোবহান মিয়া গত ০১ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

## মানবিক বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে প্রফেসর ড. এস এম রবিউল আলম এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের মানবিক বিভাগের প্রফেসর ড. এস এম রবিউল আলম গত ০১ অক্টোবর ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের মানবিক বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

## ফজলুল হক হলের প্রভোস্ট হিসেবে ড. মোঃ হাবিবুর রহমান এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের গণিত বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ হাবিবুর রহমান গত ০১ ডিসেম্বর ২০১৮ ইং তারিখে ফজলুল হক হলের প্রভোস্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

## লালন শাহ্ হলের প্রভোস্ট হিসেবে প্রফেসর ড. মোঃ আব্দুল্লাহ ইলিয়াছ আক্তার এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের পদার্থ বিজ্ঞান বিভাগের প্রফেসর ড. মোঃ আব্দুল্লাহ ইলিয়াছ আক্তার গত ০১ ডিসেম্বর ২০১৮ ইং তারিখে লালন শাহ্ হলের প্রভোস্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

## রশিদ হলের প্রভোস্ট হিসেবে ড. সজল কুমার অধিকারী এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক ড. সজল কুমার অধিকারী গত ০১ ডিসেম্বর ২০১৮ ইং তারিখ ড. এম এ রশিদ হলের প্রভোস্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

## রোকেয়া হলের প্রভোস্ট হিসেবে প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফ এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের রসায়ন বিভাগের প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফ গত ০১ ডিসেম্বর ২০১৮ ইং তারিখ রোকেয়া হলের প্রভোস্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

## খানজাহান আলী হলের প্রভোস্ট হিসেবে প্রফেসর ড. মোঃ জহির উদ্দিন এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মোঃ জহির উদ্দিন গত ০১ ডিসেম্বর ২০১৮ ইং তারিখ খানজাহান আলী হলের প্রভোস্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

## ফজলুল হক হলের সহকারী প্রভোস্ট হিসেবে জনাব দেবাশীষ কুমার সাহা এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক জনাব দেবাশীষ কুমার সাহা গত ১৭ সেপ্টেম্বর ২০১৮ ইং তারিখে ফজলুল হক হলের সহকারী প্রভোস্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন।

## লালন শাহ্ হলের সহকারী প্রভোস্ট হিসেবে জনাব পারভেজ আহম্মেদ এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের রসায়ন বিভাগের সহকারী অধ্যাপক জনাব পারভেজ আহম্মেদ গত ১৭ সেপ্টেম্বর ২০১৮ ইং তারিখে লালন শাহ্ হলের সহকারী প্রভোস্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন।

### খানজাহান আলী হলের সহকারী প্রভোস্ট হিসেবে জনাব তাসনীম আজাদ আবীর এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক জনাব তাসনীম আজাদ আবীর গত ১৬ নভেম্বর ২০১৮ ইং তারিখে খানজাহান আলী হলের সহকারী প্রভোস্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন।

### ড. এম এ রশিদ হলের সহকারী প্রভোস্ট হিসেবে জনাব মোঃ হামিদুল ইসলাম এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট বিভাগের সহকারী অধ্যাপক জনাব মোঃ হামিদুল ইসলাম গত ১৬ নভেম্বর ২০১৮ ইং তারিখে ড. এম এ রশিদ হলের সহকারী প্রভোস্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন।

### অমর একুশে হলের সহকারী প্রভোস্ট হিসেবে জনাব মোঃ আরিফুল ইসলাম খন্দকার এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের ইনস্টিটিউট অব ইনফরমেশন এন্ড টেকনোলজী এর সহকারী অধ্যাপক জনাব মোঃ আরিফুল ইসলাম খন্দকার গত ১৭ সেপ্টেম্বর ২০১৮ ইং তারিখে অমর একুশে হলের সহকারী প্রভোস্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন।

### বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের সহকারী প্রভোস্ট হিসেবে ড. মোঃ মাসুদ রানা এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক ড. মোঃ মাসুদ রানা গত ২৫ সেপ্টেম্বর ২০১৮ ইং তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের সহকারী প্রভোস্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন।

### সিই বিভাগে অধ্যাপক হিসেবে ড. মোঃ রাফিজুল ইসলাম এর যোগদান



ড. মোঃ রাফিজুল ইসলাম গত ০১ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং (সিই) বিভাগে অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ২৭ মার্চ ২০১৬ ইং তারিখে সহযোগী অধ্যাপক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের সিই বিভাগে যোগদান করেন।

### ইইই বিভাগে অধ্যাপক হিসেবে ড. মোঃ সিরাজুল ইসলাম এর যোগদান



ড. মোঃ সিরাজুল ইসলাম গত ০১ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগে অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০৬ সেপ্টেম্বর ২০১৬ ইং তারিখে সহযোগী অধ্যাপক হিসেবে অত্র বিশ্ববিদ্যালয়ের ইইই বিভাগে যোগদান করেন।

### আইইএম বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে ড. আজিজুর রহমান এর যোগদান



ড. আজিজুর রহমান গত ০১ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ১২ জুলাই ২০০৯ ইং তারিখে সহকারী অধ্যাপক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের আইইএম বিভাগে যোগদান করেন।

### এমই বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে ড. মোহাম্মদ সুলতান মাহমুদ এর যোগদান



ড. মোহাম্মদ সুলতান মাহমুদ গত ০১ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (এমই) বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ২৯ ডিসেম্বর ২০০৯ ইং তারিখে সহকারী অধ্যাপক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের এমই বিভাগে যোগদান করেন।

### ইসিই বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে ড. মোঃ মাসুদ রানা এর যোগদান



ড. মোঃ মাসুদ রানা গত ০১ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইসিই) বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ২৯ জুন ২০১০ ইং তারিখে সহকারী অধ্যাপক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের ইসিই বিভাগে যোগদান করেন।

### ইইই বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে ড. মোঃ জাহেদুল ইসলাম এর যোগদান



ড. মোঃ জাহেদুল ইসলাম গত ০১ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ২৮ জুলাই ২০১১ ইং তারিখে সহকারী অধ্যাপক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের ইইই বিভাগে যোগদান করেন।

### মানবিক বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে জনাব আবু-হেনা মোস্তফা কামাল এর যোগদান



জনাব আবু-হেনা মোস্তফা কামাল গত ০১ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের মানবিক বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেন। তিনি গত ০৫ মে ২০১৭ ইং তারিখে প্রভাষক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের মানবিক বিভাগে যোগদান করেন।

### ইএসই বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে জনাব নিবিড় মন্ডল এর যোগদান



জনাব নিবিড় মন্ডল গত ০১ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের এনার্জি সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (ইএসই) বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি রুয়েটের ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ থেকে বিএসসি ও এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী সম্পন্ন করেন। তিনি খুলনা জেলার আড়ংঘাটা থানার শলুয়া গ্রামের এক সম্ভ্রান্ত হিন্দু পরিবারে জন্মগ্রহণ করেছেন।

## টিই বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে ড. মোঃ ইসমাইল হোসেন এর যোগদান



ড. মোঃ ইসমাইল হোসেন গত ০৩ সেপ্টেম্বর ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং (টিই) বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয় থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী ও মালয়েশিয়ার ইউনিভার্সিটি অব মালায়া থেকে পিএইচডি ডিগ্রী সম্পন্ন করেন। তিনি পাবনা জেলার সদর উপজেলার কামারগাও গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## সিই বিভাগে প্রভাষক হিসেবে পিংকী দত্ত এর যোগদান



পিংকী দত্ত গত ০১ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং (সিই) বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েটের সিই বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী সম্পন্ন করেন। তিনি খুলনা জেলার বাগানবাড়ী লেন খানজাহান আলী রোড টুটপাড়ার এক সম্ভ্রান্ত হিন্দু পরিবারে জন্মগ্রহণ করেন।

## ইইই বিভাগে প্রভাষক হিসেবে জনাব মোঃ সফিউল ইসলাম এর যোগদান



জনাব মোঃ সফিউল ইসলাম গত ০১ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েটের ইইই বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী সম্পন্ন করেন। তিনি পঞ্চগড় জেলার সদর থানার জালাসী মোড়ের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## ইইই বিভাগে প্রভাষক হিসেবে জনাব মোঃ সাকিব হাসান খান এর যোগদান



জনাব মোঃ সাকিব হাসান খান গত ০১ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েটের ইইই বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী সম্পন্ন করেন। তিনি যশোর জেলার আইবি রোড ধর্মতলার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## এমই বিভাগে প্রভাষক হিসেবে জনাব নাহিদ আল নাহিয়ান রাহাত এর যোগদান



জনাব নাহিদ আল নাহিয়ান রাহাত গত ০১ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (এমই) বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েটের এমই বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী সম্পন্ন করেন। তিনি সিলেট জেলার কতোয়ালী থানার জালালাবাদের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## এমই বিভাগে প্রভাষক হিসেবে জনাব সোমনাথ সোমদ্দার এর যোগদান



জনাব সোমনাথ সোমদ্দার গত ০১ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (এমই) বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েটের এমই বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি সম্পন্ন করেন। তিনি বরিশাল জেলার কাউনিয়া থানার কাউনিয়া ব্রাঞ্চ রোডের এক সম্ভ্রান্ত হিন্দু পরিবারে জন্মগ্রহণ করেন।

## এমই বিভাগে প্রভাষক হিসেবে ড. মোঃ শফিউল ফেরদৌস এর যোগদান



ড. মোঃ শফিউল ফেরদৌস গত ০১ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (এমই) বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি রুয়েটের এমই বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং এবং জাপানের ইউনিভার্সিটি অব দ্যা রিউকিউস থেকে এমএসসি ইঞ্জিনিয়ারিং, পিএইচডি ও পোস্ট ডক্টরাল ডিগ্রী সম্পন্ন করেন। তিনি খুলনা জেলার খালিশপুর থানার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## সিএসই বিভাগে প্রভাষক হিসেবে জনাব এইচ এম আব্দুল ফাত্তাহ এর যোগদান



জনাব এইচ এম আব্দুল ফাত্তাহ গত ০১ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েটের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী সম্পন্ন করেন। তিনি রংপুর জেলার পিরগাছা থানার সৈয়দপুর গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## সিএসই বিভাগে প্রভাষক হিসেবে জনাব মোঃ মাছুম আল মেসবা এর যোগদান



জনাব মোঃ মাছুম আল মেসবা গত ০১ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েটের সিএসই বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী সম্পন্ন করেন। তিনি রংপুর জেলা ও সদর থানার আলমনগর খামার পাড়ার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## সিএসই বিভাগে প্রভাষক হিসেবে জনাব প্রত্যয় সাহা এর যোগদান



জনাব প্রত্যয় সাহা গত ০১ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি বুয়েটের সিএসই বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী সম্পন্ন করেন। তিনি কুষ্টিয়া জেলার বঙ্কুবিহারী স্ট্রীট আমলা পাড়া গ্রামের এক সম্ভ্রান্ত হিন্দু পরিবারে জন্মগ্রহণ করেন।

## সিএসই বিভাগে প্রভাষক হিসেবে জনাব সুনন্দ দাস এর যোগদান



জনাব সুনন্দ দাস গত ০১ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েটের সিএসই বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী সম্পন্ন করেন। তিনি নড়াইল জেলার সদর থানার ভাদুলিডাঙ্গা গ্রামের এক সম্ভ্রান্ত হিন্দু পরিবারে জন্মগ্রহণ করেন।

## সিএসই বিভাগে প্রভাষক হিসেবে নাজিয়া জাহান খান চৌধুরী এর যোগদান



নাজিয়া জাহান খান চৌধুরী গত ০১ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েটের সিএসই বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী সম্পন্ন করেন। তিনি এএন দাস লেন টুটপাড়া খুলনার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## সিএসই বিভাগে প্রভাষক হিসেবে জনাব মাহমুদুল হাসান এর যোগদান



জনাব মাহমুদুল হাসান গত ০১ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েটের সিএসই বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী সম্পন্ন করেন। তিনি ইয়াসিন আরাফাত রোড, মিরপুর ঢাকার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## ইসিই বিভাগে প্রভাষক হিসাবে জনাব মোঃ ইবতিদাউল করিম এর যোগদান



জনাব মোঃ ইবতিদাউল করিম গত ০১ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইসিই) বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েটের ইসিই বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেন। তিনি চট্টগ্রাম জেলার চানগাঁও আবাসিক এলাকার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## আর্কিটেকচার বিভাগে প্রভাষক হিসাবে জনাব আতিক আহাম্মদ জাওয়াদ এর যোগদান



জনাব আতিক আহাম্মদ জাওয়াদ গত ০১ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের আর্কিটেকচার বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি বুয়েটের আর্কিটেকচার বিভাগ থেকে বিআর্ক ডিগ্রী সম্পন্ন করেন। তিনি রাজশাহী জেলার গোদাগাড়ী থানার বাংপুর গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## আর্কিটেকচার বিভাগে প্রভাষক হিসাবে নোশিন সাইয়ারা প্রমী এর যোগদান



নোশিন সাইয়ারা প্রমী গত ০১ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের আর্কিটেকচার বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি বুয়েটের আর্কিটেকচার বিভাগ থেকে বিআর্ক ডিগ্রী সম্পন্ন করেন। তিনি নড়াইল জেলার লোহাগড়া থানার পানচুরিয়া গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## বিইসিএম বিভাগে প্রভাষক হিসেবে জনাব মোঃ মেহরাব হোসেন এর যোগদান



জনাব মোঃ মেহরাব হোসেন গত ০১ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কন্সট্রাকশন ম্যানেজমেন্ট (বিইসিএম) বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েটের বিইসিএম বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী সম্পন্ন করেন। তিনি নওগাঁ জেলা ও উপজেলার ডাকাহার গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## বিইসিএম বিভাগে প্রভাষক হিসেবে জনাব মোঃ জুয়েল রানা এর যোগদান



জনাব মোঃ জুয়েল রানা গত ০১ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কন্সট্রাকশন ম্যানেজমেন্ট (বিইসিএম) বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েটের বিইসিএম বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী সম্পন্ন করেন। তিনি মেহেরপুর জেলা ও থানার শ্যামপুর গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## বিইসিএম বিভাগে প্রভাষক হিসেবে জনাব মোঃ আবু সাফায়েত এর যোগদান



জনাব মোঃ আবু সাফায়েত গত ০১ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কন্সট্রাকশন (বিইসিএম) বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েটের বিইসিএম বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী সম্পন্ন করেন। তিনি নওগাঁ জেলা ও সদর থানার বর্ষাইল গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## গণিত বিভাগে প্রভাষক হিসেবে জনাব মোঃ দুলাল হোসেন এর যোগদান



জনাব মোঃ দুলাল হোসেন গত ০১ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগ থেকে বিএসসি (অনার্স) ও এমএসসি ডিগ্রী সম্পন্ন করেন। তিনি দিনাজপুর জেলার বিরল উপজেলার কাজীপাড়া গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## পদার্থ বিজ্ঞান বিভাগে প্রভাষক হিসাবে জনাব সাজ্জাদ হোসেন এর যোগদান



জনাব সাজ্জাদ হোসেন গত ০১ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগ থেকে বিএসসি (অনার্স) ও এমএসসি ডিগ্রী সম্পন্ন করেন। তিনি ময়মনসিংহ জেলার গৌরীপুর থানার পাছার গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## পদার্থ বিজ্ঞান বিভাগে প্রভাষক হিসাবে জনাব মোঃ ইদ্রিস আলী এর যোগদান



জনাব মোঃ ইদ্রিস আলী গত ০১ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগ থেকে বিএসসি (অনার্স) ও এমএসসি ডিগ্রী সম্পন্ন করেন। তিনি বরিশাল জেলার, বানারীপাড়া থানার, কচুয়া গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## টিই বিভাগে প্রভাষক হিসাবে জনাব মোঃ আব্দুল আলিম এর যোগদান



জনাব মোঃ আব্দুল আলিম গত ০২ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং (টিই) বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েটের টিই বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী সম্পন্ন করেন। তিনি যশোর জেলার ঝিকোরগাছা থানার শিরদা গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## এলই বিভাগে প্রভাষক হিসাবে জনাব আল মিজান এর যোগদান



জনাব আল মিজান গত ০৩ সেপ্টেম্বর ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের লেদার ইঞ্জিনিয়ারিং (এলই) বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব লেদার ইঞ্জিনিয়ারিং থেকে বিএসসি ও বুয়েট থেকে এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী সম্পন্ন করেন। তিনি কুড়িগ্রাম জেলার রাজারহাট থানার কিসমত পুকুর গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## নির্বাহী প্রকৌশলী হিসেবে জনাব মোঃ আসলাম পারভেজ এর যোগদান



জনাব মোঃ আসলাম পারভেজ গত ০১ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল শাখায় নির্বাহী প্রকৌশলী (সিভিল) হিসেবে যোগদান করেছেন। তিনি গত ২৫ মে ২০১৭ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল শাখায় নির্বাহী প্রকৌশলী (এ্যাডহক) হিসাবে যোগদান করেন।

## প্রিন্সিপ্যাল টেকনিক্যাল অফিসার হিসেবে জনাব মোঃ ফরিদুল ইসলাম এর যোগদান



জনাব মোঃ ফরিদুল ইসলাম গত ০১ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রিন্সিপ্যাল টেকনিক্যাল অফিসার হিসেবে যোগদান করেছেন। তিনি গত ১৮ নভেম্বর ২০০৫ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে টেকনিক্যাল অফিসার হিসেবে যোগদান করেন।

## প্রিন্সিপ্যাল ল্যাব অফিসার হিসেবে জনাব মোঃ জয়নাল আবেদীন এর যোগদান



জনাব মোঃ জয়নাল আবেদীন গত ০১ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগে প্রিন্সিপ্যাল ল্যাব অফিসার হিসেবে যোগদান করেছেন। তিনি গত ১৮ নভেম্বর ২০০৫ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগে সিনিয়র ইন্সট্রাক্টর হিসাবে যোগদান করেন।

## প্রিন্সিপ্যাল টেকনিক্যাল অফিসার হিসেবে জনাব শেখ সাদেকুজ্জামান এর যোগদান



জনাব শেখ সাদেকুজ্জামান গত ০১ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রিন্সিপ্যাল টেকনিক্যাল অফিসার হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০৮ জুলাই ২০০৭ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে টেকনিক্যাল অফিসার হিসেবে যোগদান করেন।

## প্রিন্সিপ্যাল টেকনিক্যাল অফিসার হিসেবে জনাব শেখ জাহিদুল ইসলাম এর যোগদান



জনাব শেখ জাহিদুল ইসলাম গত ০১ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রিন্সিপ্যাল টেকনিক্যাল অফিসার হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০৮ জুলাই ২০০৭ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে টেকনিক্যাল অফিসার হিসেবে যোগদান করেন।

## প্রিন্সিপ্যাল টেকনিক্যাল অফিসার হিসেবে জনাব বাদশা মোঃ হারুন এর যোগদান



জনাব বাদশা মোঃ হারুন গত ০১ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগে প্রিন্সিপ্যাল টেকনিক্যাল অফিসার হিসেবে যোগদান করেছেন। তিনি গত ৮ জুলাই ২০০৭ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইইই বিভাগে টেকনিক্যাল অফিসার হিসেবে যোগদান করেন।

## সিনিয়র মেডিকেল অফিসার হিসেবে ডাঃ ফয়সাল মোহাম্মদ আরিফুল ইসলাম এর যোগদান



ডাঃ ফয়সাল মোহাম্মদ আরিফুল ইসলাম গত ০১ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারে সিনিয়র মেডিকেল অফিসার হিসেবে যোগদান করেছেন। তিনি গত ২৫ জুন ২০১২ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারে মেডিকেল অফিসার হিসেবে যোগদান করেন।

## প্রিন্সিপ্যাল টেকনিক্যাল অফিসার হিসেবে জনাব মিনা মনিরুল ইসলাম এর যোগদান



মিনা মনিরুল ইসলাম গত ০১ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রিন্সিপ্যাল টেকনিক্যাল অফিসার হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০৬ সেপ্টেম্বর ২০১৬ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগে টেকনিক্যাল অফিসার হিসেবে হিসাবে যোগদান করেন।

## সহকারী পরিচালক (ফিজিক্যাল) হিসেবে জনাব মোঃ সরদার আবুল কালাম আজাদ এর যোগদান



জনাব মোঃ সরদার আবুল কালাম আজাদ গত ০১ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষা শাখায় সহকারী পরিচালক (ফিজিক্যাল) হিসেবে যোগদান করেছেন। তিনি গত ২৮ জুলাই ২০১১ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ে শারিরীক শিক্ষা কর্মকর্তা হিসাবে যোগদান করেন।

## সহকারী রেজিস্ট্রার হিসেবে জনাব মোঃ মঈনুল হক এর যোগদান



জনাব মোঃ মঈনুল হক গত ০১ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষা শাখায় সহকারী রেজিস্ট্রার হিসেবে যোগদান করেছেন। তিনি গত ২১ ডিসেম্বর ২০০৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তরে পিএস টু ভিসি হিসাবে যোগদান করেন।

## সহকারী পরিচালক (স্টোর) হিসেবে জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন এর যোগদান



জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন গত ০১ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) দপ্তরে সহকারী পরিচালক (স্টোর) হিসেবে যোগদান করেছেন। তিনি গত ১২ জুলাই ২০০৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের পরিচাক (পঃ ও উঃ) দপ্তরে স্টোর অফিসার হিসেবে যোগদান করেন।

## শারীরিক শিক্ষা প্রশিক্ষক হিসেবে জনাব সৈয়দ রায়হানুল ইসলাম এর যোগদান



সৈয়দ রায়হানুল ইসলাম গত ০১ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের পরিচালক (ছাত্র কল্যাণ) এর দপ্তরে শারীরিক শিক্ষা প্রশিক্ষক হিসেবে যোগদান করেছেন। তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয় এর নৃবিজ্ঞান বিভাগ থেকে এমএসএস এবং উত্তরা ইউনিভার্সিটি থেকে মাস্টার্স অফ ফিজিক্যাল এডুকেশন ডিগ্রী সম্পন্ন করেন। তিনি নাটোর জেলার নাটোর সদর থানার মীরপাড়া গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## সহকারী প্রকৌশলী হিসেবে জনাব মোঃ তারিকুল আলম এর যোগদান



মোঃ তারিকুল আলম গত ০১ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল শাখায় সহকারী প্রকৌশলী হিসেবে যোগদান করেছেন। তিনি গত ২১ ডিসেম্বর ২০০৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল শাখায় উপ-সহকারী প্রকৌশলী হিসাবে যোগদান করেন।

## সহকারী প্রকৌশলী হিসেবে জনাব মোঃ রুমেন রায়হান এর যোগদান



মোঃ রুমেন রায়হান গত ০২ আগস্ট ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল দপ্তরে সহকারী প্রকৌশলী (এ্যাডহক) হিসেবে যোগদান করেছেন। তিনি অত্র বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেন। তিনি খুলনা জেলার শেখপাড়া মেইন রোডস্থ এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

# শিক্ষক/কর্মকর্তাদের উচ্চতর ডিগ্রি অর্জন

## জনাব মোঃ হেলাল-আন-নাহিয়ান এর পিএইচডি ডিগ্রী অর্জন

কুয়েটের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (এমই) বিভাগের সহকারী অধ্যাপক জনাব মোঃ হেলাল-আন-নাহিয়ান গত ২১ সেপ্টেম্বর ২০১৮ ইং তারিখে জাপানের সাইতামা বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রী অর্জন করেছেন। তার গবেষণার শিরোনাম ছিল "Multi-Dimensional Force Measurement Instrument Using Zero-Compliance Mechanism".

## জনাব মির্জা মোঃ শাহরিয়ার মাসউদ এর পিএইচডি ডিগ্রী অর্জন

কুয়েটের ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইসিই) বিভাগের সহকারী অধ্যাপক জনাব মির্জা মোঃ শাহরিয়ার মাসউদ গত ১৪ ডিসেম্বর ২০১৮ ইং তারিখে ইউনিভার্সিটি অব মিসসোরি-কানসাস সিটি, ইউএসএ থেকে পিএইচডি ডিগ্রী অর্জন করেছেন। তার গবেষণার বিষয় ছিল "Cost Optimization and Load Balancing of Intra And Inter Data Center Networks to Facilitate Cloud Services".

## জনাব মোঃ কামরুল আহসান এর এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন

কুয়েটের সিভিল ইঞ্জিনিয়ারিং (সিই) বিভাগের সহকারী অধ্যাপক জনাব মোঃ কামরুল আহসান গত ৩১ আগস্ট ২০১৮ ইং তারিখে ইউনিভার্সিটি অব টোকিও, জাপান থেকে এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেছেন। তার গবেষণার শিরোনাম ছিল "Time effect on Mechanical Behavior and Micro-Structure of Gypsum-Mixed Geomaterials".

## জনাব মোঃ হামিদুল ইসলাম এর এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন

কুয়েটের বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট (বিইসিএম) বিভাগের সহকারী অধ্যাপক জনাব মোঃ হামিদুল ইসলাম গত ৩০ অক্টোবর ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ থেকে এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেছেন। তার গবেষণার শিরোনাম ছিল "Mechanical and Microscopic Investigation of Concrete Incorporation Ceramic Waste Powder as Partial Replacement of Binding Material".

## জনাব চন্দন সাহা এর এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন

কুয়েটের ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইসিই) বিভাগের প্রভাষক জনাব চন্দন সাহা গত ০৪ নভেম্বর ২০১৮ ইং তারিখে কুয়েটের ইসিই বিভাগ থেকে এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেছেন। তার গবেষণার বিষয় ছিল "Brain Tumar Classification and Watermarking of MRI Using Nonsubsampled

## জনাব মোঃ সাইফুল ইসলাম এর এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন

কুয়েটের ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট (আইইএম) বিভাগের সহকারী অধ্যাপক মোঃ সাইফুল ইসলাম গত ০৮ নভেম্বর ২০১৮ ইং তারিখে কুয়েটের আইইএম বিভাগ থেকে এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেছেন। তার গবেষণার শিরোনাম ছিল "Development and Performance Evaluation of Storage Allocation Models in Warehouse".

## জনাব এস এম আরিফুর রহমান এর এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন

কুয়েটের বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট (বিইসিএম) বিভাগের সহকারী অধ্যাপক জনাব এস এম আরিফুর রহমান গত ১২ নভেম্বর ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ থেকে এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেছেন। তার গবেষণার শিরোনাম ছিল "Behavior of RC Frame with Infill

## জনাব আবু সাঈদ মোহাম্মদ আকিদ এর এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন

কুয়েটের বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট (বিইসিএম) বিভাগের সহকারী অধ্যাপক জনাব আবু সাঈদ মোহাম্মদ আকিদ গত ১৪ নভেম্বর ২০১৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ থেকে এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেছেন। তার গবেষণার শিরোনাম ছিল "Behavior of Reinforced Concrete Frame with Masonry Infill Walls having Opening Subjected to Lateral Loading".

## জনাব মনোজ কুমার মজুমদার এর পিজিডিএইচআরএম ডিগ্রী অর্জন

কুয়েটের পাবলিক রিলেশনস অফিসার জনাব মনোজ কুমার মজুমদার গত ৩১ ডিসেম্বর ২০১৮ ইং তারিখে বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) থেকে পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (পিজিডিএইচআরএম) ডিগ্রী অর্জন করেছেন।

# অ্যাওয়ার্ড

কুয়েটের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (এমই) বিভাগের সহকারী অধ্যাপক জনাব মোঃ হেলাল-আন-নাহিয়ান গত ০৮ আগস্ট ২০১৮ ইং তারিখে অনুষ্ঠিত MoViC ২০১৮ কনফারেন্সে বেস্ট পেপার অ্যাওয়ার্ড পেয়েছেন। তার পেপার টাইটেল ছিল "Vertical Direction Static Force Measurement Using a Three Dimensional Force Measurement Apparatus Based on Zero-Compliance Principle".

ইউআরপি ভবনের শুভ উদ্বোধন

## “লেখাপড়ার মান উন্নয়নে শেখ হাসিনার সরকার দৃঢ় প্রতিজ্ঞ”

-বেগম মন্নুজান সুফিয়ান, এমপি



প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কুয়েটে নবনির্মিত ইউআরপি ভবনের শুভ উদ্বোধন করেন মহান জাতীয় সংসদের খুলনা-৩ আসনের মাননীয় সংসদ সদস্য বেগম মন্নুজান সুফিয়ান।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) নবনির্মিত আরবান এন্ড রিজিওনাল প্লানিং (ইউআরপি) ভবনের আনুষ্ঠানিক উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। ০৭ নভেম্বর বুধবার দুপুর ১২ টায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ইউআরপি ভবনের শুভ উদ্বোধন করেন মহান জাতীয় সংসদের খুলনা-৩ আসনের মাননীয় সংসদ সদস্য বেগম মন্নুজান সুফিয়ান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। প্রধান অতিথির বক্তৃতায় বেগম মন্নুজান সুফিয়ান বলেন, লেখাপড়ার মান উন্নয়নে শেখ হাসিনার সরকার দৃঢ় প্রতিজ্ঞ, এজন্য তিঁনি প্রয়োজনীয় সবকিছু প্রদান করতে প্রস্তুত। রক্তের বিনিময়ে বাংলার স্বাধীনতা অর্জিত হয়েছে উল্লেখ করে মাননীয় সংসদ সদস্য শিক্ষার্থীদের উদ্দেশ্যে আরো বলেন, মনদিয়ে লেখা পড়া করতে হবে এবং কুয়েটের বর্তমান অবস্থানকে আরো (০২ পৃষ্ঠায় দেখুন)

## কুয়েটে যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস উদ্‌যাপিত



মহান বিজয় দিবসে কুয়েট ক্যাম্পাসস্থ মুক্তিযুদ্ধের ভাস্কর্য ‘দুর্বার বাংলা’র পাদদেশে বিশ্ববিদ্যালয়ের পক্ষে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন পুষ্পমাল্য অর্পণ করেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস ২০১৮ উদ্‌যাপন করা হয়েছে। দিবসটি উদ্‌যাপন উপলক্ষ্যে ১৬ ডিসেম্বর সকাল ১০ টায় ক্যাম্পাসস্থ মুক্তিযুদ্ধের ভাস্কর্য ‘দুর্বার বাংলা’র পাদদেশে জাতীয় সংগীতের সঙ্গে সঙ্গে জাতীয় পতাকা উত্তোলন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন, এসময় বিশ্ববিদ্যালয় বিএনসিসি'র একটি চৌকশ দল গার্ড অব অনার প্রদান করেন। এরপর বিশ্ববিদ্যালয়ের পক্ষে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন পুষ্পমাল্য অর্পণ করেন। অতঃপর কুয়েট শিক্ষক সমিতি, পরিচালক (ছাত্র কল্যাণ), অফিসার্স এসোসিয়েশন, ফজলুল হক হল, লালন শাহ্ হল, খানজাহান আলী হল, ড. এম. এ. রশীদ হল, রোকেয়া হল, অমর একুশে হল, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল, কুয়েট শাখা বাংলাদেশ ছাত্রলীগ, কর্মচারী সমিতি (৩য় শ্রেণী), কর্মচারী সমিতি (৪র্থ শ্রেণী), মাস্টাররোল কর্মচারী সমিতি, বঙ্গবন্ধু কর্মচারী পরিষদ, খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল ও কুয়েট শাখা বঙ্গবন্ধু প্রকৌশলী পরিষদের পক্ষ থেকে পুষ্পমাল্য অর্পণ করা হয়।

এছাড়া অন্যান্য কর্মসূচীর মধ্যে সূর্যোদয়ের সাথে সাথে প্রশাসনিক ভবন, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের বাসভবন এবং আবাসিক হলসমুহে জাতীয় পতাকা উত্তোলন, সকাল ৯টায় স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তানদের অংশগ্রহণে শিশুদের (০২ পৃষ্ঠায় দেখুন)

ICMIEE 2018 আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত

## “প্রকৌশলীদের হাত ধরেই বাংলাদেশ এগিয়ে যাচ্ছে”

-ইউজিসি চেয়ারম্যান




কুয়েটে ‘আইসিএমআইইই-২০১৮’ এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মাননীয় চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) দুই দিনব্যাপি ৫ম ইন্টারন্যাশনাল কনফারেন্স অন মেকানিক্যাল, ইন্ডাস্ট্রিয়াল এন্ড এনার্জি ইঞ্জিনিয়ারিং (ICMIEE 2018) ২০১৮ শীর্ষক আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের আয়োজনে ২৩ ডিসেম্বর সকাল ০৯.৪৫ টায় বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মাননীয় চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান এবং প্রধান পৃষ্ঠপোষক হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। প্রধান অতিথির বক্তৃতায় (১৩ পৃষ্ঠায় দেখুন)

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় দিবস পালিত

## “বাংলাদেশের প্রযুক্তিগত উন্নয়নে কুয়েট অগ্রগামী ভূমিকা পালন করছে”

- প্রফেসর ড. এম. শাহ্ নওয়াজ আলি




বিশ্ববিদ্যালয় দিবস ১৮ উপলক্ষে কুয়েটে আনন্দ শোভাযাত্রার নেতৃত্ব দেন অনুষ্ঠানের প্রধান অতিথি ইউজিসি'র মাননীয় সদস্য প্রফেসর ড. এম. শাহ্ নওয়াজ আলি।

বর্ণিল আয়োজন আর বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্যদিয়ে ২২ সেপ্টেম্বর ২০১৮ শনিবার খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ১৫তম বর্ষপূর্তি, বিশ্ববিদ্যালয় দিবস পালিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) মাননীয় সদস্য প্রফেসর ড. এম. শাহ্ নওয়াজ আলি এবং সভাপতিত্ব করবেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। দিনটিকে স্মরণীয় করতে সেজেছিল পুরো বিশ্ববিদ্যালয়, সর্বত্রই ছিল সাজ-সাজ রব। (০৪ পৃষ্ঠায় দেখুন)


## প্রকাশনা কমিটি

| | | |
|---|---|---|
| প্রফেসর ড. সোবহান মিয়া<br>অধ্যাপক, এমই বিভাগ | - | সভাপতি |
| ড. আজিজুর রহমান<br>সহযোগী অধ্যাপক, আইইএম বিভাগ | - | সদস্য |
| ড. মোঃ সেলিম হোসেন<br>সহযোগী অধ্যাপক, ইইই বিভাগ | - | সদস্য |
| মোঃ এস্রাজ-উল-জান্নাত<br>সহকারী অধ্যাপক, ইউআরপি বিভাগ | - | সদস্য |
| মনোজ কুমার মজুমদার<br>পাবলিক রিলেশনস অফিসার | - | সদস্য-সচিব |

প্রকাশনা কমিটি কর্তৃক জনসংযোগ ও তথ্য শাখা থেকে প্রকাশিত।